[$\angle ACE = \pi - \angle C$]

$= a^2+b^2-2ab\cos C$

$\cos C = \frac{a^2+b^2-c^2}{2ab}$

(b) $c = a\cos B + b\cos A$ [কু.'০৮,'১১; চ.'১১]

প্রমাণ ঃ ধরি ABC ত্রিভুজে, $\overrightarrow{BC} = \underline{a}$, $\overrightarrow{CA} = \underline{b}$ $\overrightarrow{BA} = \underline{c}$.

ভেক্টর যোগের ত্রিভুজ সূত্র হতে পাই,



$\overrightarrow{BA} = \overrightarrow{BC}+\overrightarrow{CA}$

$\Rightarrow \underline{c} = \underline{a}+\underline{b}$

$\underline{c}\cdot\underline{c} = \underline{c}\cdot(\underline{a}+\underline{b})$

$\Rightarrow c^2 = \underline{c}\cdot\underline{a}+\underline{c}\cdot\underline{b}$

$\Rightarrow c^2 = ca\cos B + cb\cos A$

$c = a\cos B + b\cos A$

(c) $\frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C}$

প্রমাণ ঃ ধরি ABC ত্রিভুজে,

$\overrightarrow{BC} = \underline{a}$, $\overrightarrow{CA} = \underline{b}$ $\overrightarrow{BA} = \underline{c}$



$\Rightarrow \underline{c} = \underline{a} + \underline{b}$

$\underline{c} \times \underline{c} = \underline{c} \times (\underline{a} + \underline{b})$

$\Rightarrow \underline{c} \times \underline{c} = \underline{c} \times \underline{a} + \underline{c} \times \underline{b}$

$\Rightarrow \underline{0} = -\underline{a} \times \underline{c} + \underline{c} \times \underline{b}$

$\underline{a} \times \underline{c} = \underline{c} \times \underline{b} \cdots \cdots (1)$

আবার, $\underline{a} \times \underline{c} = \underline{a} \times (\underline{a} + \underline{b})$

$\Rightarrow \underline{a} \times \underline{c} = \underline{a} \times \underline{a} + \underline{a} \times \underline{b}$

$\Rightarrow \underline{a} \times \underline{c} = \underline{a} \times \underline{b} \cdots (2)$ [$\underline{a} \times \underline{a} = \underline{0}$]

(1) ও (2) হতে পাই, $\underline{a} \times \underline{c} = \underline{c} \times \underline{b} = \underline{a} \times \underline{b}$

$\Rightarrow ac \sin B\ \hat{n} = cb \sin A\ \hat{n}$

$= ab \sin (\pi - C)\ \hat{n}$ যখন $\hat{n}$ হল ΔABC সমতলের উপর লম্ব একক ভেক্টর।

$$\Rightarrow \frac{ac \sin B}{abc} = \frac{bc \sin A}{abc} = \frac{ab \sin C}{abc}$$

$$\frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C}$$

13. $\overline{A} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$ **এবং** $\overline{B} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$.

(a) $\overline{A}$ **ভেক্টর বরাবর** $\overline{B}$ **ভেক্টরের অংশক নির্ণয় কর।**

(b) দেখাও যে, $\overline{A} + \overline{B}$ **এবং** $\overline{A} - \overline{B}$ **ভেক্টর দুইটি পরস্পর লম্ব। [রা.'০৬; ঢা.'০৩,'০৪,'০৮; য.'০৭; চ.'০৭,'১২,'১৪; মা.বো.'০৮; দি.'১০; ব.'১০,'১২; মা.'১৪; বুয়েট'১১-১২]**

(c) দেখাও যে, $\overline{A}$, $\overline{A} - \overline{B}$ **এবং** $4\hat{i} + 2\hat{j} - 2\hat{k}$ **ভেক্টর তিনটি একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ গঠন করে।**

সমাধান: (a) $|\overline{A}| = \sqrt{1+4+9} = \sqrt{14}$

$\overline{A}$ ভেক্টরের দিক বরাবর একক ভেক্টর $= \dfrac{\overline{A}}{|\overline{A}|}$

$$= \frac{\mathrm{i} + 2\hat{j} - 3\hat{k}}{\sqrt{14}} = \hat{A}$$

$\overline{A}$ ভেক্টর বরাবর $\overline{B}$ ভেক্টরের অংশক নির্ণয় কর

$$= (\hat{A}.\overline{B})\hat{A} = \{\frac{\hat{i} + 2\hat{j} - 3\hat{k}}{\sqrt{14}} . (3\hat{i} - \hat{j} + 2\hat{k})\}\hat{A}$$

$$= \frac{3-2-6}{\sqrt{14}}\hat{A} = -\frac{5}{\sqrt{14}} \frac{\hat{i} + 2\hat{j} - 3\hat{k}}{\sqrt{14}}$$

$$= -\frac{5}{14}(\hat{i} + 2\hat{j} - 3\hat{k})$$

(b) প্রশ্নমালা IIB এর 10(c).

(c) প্রমাণ ঃ $\overline{A} - \overline{B} =$

দেখাও যে, $\overline{A}$, $\overline{A} - \overline{B}$ **এবং** $4\hat{i} + 2\hat{j} - 2\hat{k}$ **ভেক্টর তিনটি একটি সমকোণী ত্রিভুজ গঠন করে।**

প্রমাণ ঃ $|\overline{A}| = |\hat{i} + 2\hat{j} - 3\hat{k}| = \sqrt{1+4+9} = \sqrt{14}$

$|\overline{A} - \overline{B}| = |-2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}| = \sqrt{4+9+25} = \sqrt{38}$

$|4\hat{i} + 2\hat{j} - 2\hat{k}| = \sqrt{16+4+4} = \sqrt{24}$

$\sqrt{14}$, $\sqrt{38}$ ও $\sqrt{24}$ এর যেকোনো দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং $(\sqrt{14})^2 + (\sqrt{24})^2 = 14 + 24 = 38 = (\sqrt{38})^2$

প্রদত্ত ভেক্টর তিনটি একটি সমকোণী ত্রিভুজ গঠন করে।

14. ABC ত্রিভুজের BC, CA , AB বাহুগুলির মধ্যবিন্দু যথাক্রমে D, E , F ।

(a) প্রমাণ কর যে, $\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$
[ঢা. '০৭; য. '০৬,'১১; চ.'০৬; রা.'১১'১৩; সি.'০৯, '১২ ; ব. '০৭,'১২; দি.'১৩]

(b) ভেক্টর পদ্ধতিতে দেখাও যে, AD, BE ও CF সমবিন্দু।
[ঢা. '১১,'১৪; রা. '১২; ব. '১০,'১৪; চ.'০৭; য.'১০; কু. '১০,'১২,'১৪; মা.বো.'০৯,'১২; দি.'১৪]

(c) B, C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (2, –3, 0) , (4, – 4, 1) ও (1, 2 , – 6) হলে DE এর ভেক্টর সমীকরণ নির্ণয় কর।

(a) প্রশ্নমালা IIA এর উদাহরণ 1(c)

(b) প্রশ্নমালা IIC এর 2 নং প্রশ্ন।

(c) প্রশ্নমালা IIB এর উদাহরণ 9

15. মূলবিন্দু O এর সাপেক্ষে A ও B এর অবস্থান ভেক্টর যথাক্রমে $2\hat{i} - 3\hat{j} - \hat{k}$ **ও** $\hat{i} + 4\hat{j} + 3\hat{k}$ **।**

(a) $\overrightarrow{OA}$ **ভেক্টরের উপর** $\overrightarrow{OB}$ **ভেক্টরের অভিক্ষেপ নির্ণয় কর।**

(b) A বিন্দুগামী এবং $\overrightarrow{AB}$ ভেক্টরের সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ নির্ণয় কর।

(c) OAB ত্রিভুজটির কোণ তিনটি নির্ণয় কর।

সমাধান:



(a) $\overrightarrow{OA}$ ভেক্টরের উপর $\overrightarrow{OB}$ ভেক্টরের অভিক্ষেপ

$$= \frac{\overrightarrow{OA}\,.\,\overrightarrow{OB}}{|\overrightarrow{OA}|} = \frac{(2\hat{i}-3\hat{j}-\hat{k}).(\hat{i}+4\hat{j}+3\hat{k})}{|2\hat{i}-3\hat{j}-\hat{k}|}$$

$$= \frac{2-12-3}{\sqrt{4+9+1}} = \frac{-13}{\sqrt{14}}$$

(b) $\overrightarrow{AB} = (\hat{i}+4\hat{j}+3\hat{k}) - (2\hat{i}-3\hat{j}-\hat{k})$

$= -\hat{i}+7\hat{j}+4\hat{k}$

A($\underline{a}$) বিন্দুগামী এবং $\overrightarrow{AB} = \underline{b}$ ভেক্টরের সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ

$\underline{r} = \underline{a} + t\underline{b}$

$\Rightarrow \underline{r} = 2\hat{i}-3\hat{j}-\hat{k}+t(-\hat{i}+7\hat{j}+4\hat{k})$; যেখানে t একটি প্যারামিটার।

(c) দেওয়া আছে, OAB ত্রিভুজে,



$\overrightarrow{OA} = 2\hat{i}-3\hat{j}-\hat{k}$

$\overrightarrow{AO} = -2\hat{i}+3\hat{j}+\hat{k}$

এবং $\overrightarrow{OB} = \hat{i}+4\hat{j}+3\hat{k}$

$\overrightarrow{BO} = -i-4\hat{j}-3\hat{k}$

এখন, $\overrightarrow{AB} = \overrightarrow{AO} + \overrightarrow{OB}$

$= -2\hat{i}+3\hat{j}+\hat{k} + \hat{i}+4\hat{j}+3\hat{k}$

$= -i+7\hat{j}+4\hat{k}$ $\quad \overrightarrow{BA} = i-7\hat{j}-4\hat{k}$

$$\cos AOB = \frac{\overrightarrow{OA}\ \overrightarrow{OB}}{|\overrightarrow{OA}||\overrightarrow{OB}|}$$

$$= \frac{(2\hat{i}-3\hat{j}-\hat{k})\cdot(\hat{i}+4\hat{j}+3\hat{k})}{\sqrt{4+9+1}\,\sqrt{1+16+9}}$$

$$= \frac{2-12-3}{\sqrt{14}\,\sqrt{26}} = \frac{-13}{\sqrt{364}}$$

$$\angle AOB = \cos^{-1}\left(\frac{-13}{\sqrt{364}}\right)$$

$$\cos OAB = \frac{\overrightarrow{AO}\cdot\overrightarrow{AB}}{|\overrightarrow{AO}||\overrightarrow{AB}|}$$

$$= \frac{(-2\hat{i}+3\hat{j}+\hat{k})\cdot(-\hat{i}+7\hat{j}+4\hat{k})}{\sqrt{4+9+1}\,\sqrt{1+49+16}}$$

$$= \frac{2+21+4}{\sqrt{14}\,\sqrt{66}} = \frac{27}{\sqrt{924}}$$

$$\angle OAB = \cos^{-1}\left(\frac{27}{\sqrt{924}}\right)$$

$$\cos OBA = \frac{\overrightarrow{BO}\cdot\overrightarrow{BA}}{|\overrightarrow{BO}||\overrightarrow{BA}|}$$

$$= \frac{(-i-4\hat{j}-3\hat{k})\cdot(\hat{i}-7\hat{j}-4\hat{k})}{\sqrt{1+16+9}\,\sqrt{1+49+16}}$$

$$= \frac{-1+28+12}{\sqrt{26}\,\sqrt{66}} = \frac{39}{\sqrt{1716}}$$

*** একটি বস্তুর উপর $\bar{F}$ বলের ক্রিয়ার ফলে বস্তুটির সরণ $\bar{r}$ হলে, কাজ = $\bar{F}.\bar{r}$**

*** O এর সাপেক্ষে $\bar{F}$ বলের ক্রিয়ারেখার উপরস্থ কোন বিন্দুর অবস্থান ভেক্টর $\bar{r}$ হলে, O এর চতুর্দিকে $\bar{F}$ বলের মোমেন্ট = $|\bar{r} \times \bar{F}|$**

*** $\bar{r} = 3\hat{i}+8\hat{j}-2\hat{k} + t(2\hat{i}-j+3\hat{k})$ ও $\bar{r} = 7\hat{i}+4\hat{j}+3\hat{k} + s(2\hat{i}+j+4\hat{k})$ সরলরেখাদ্বয় ছেদ করে কিনা পরীক্ষা কর এবং যদি ছেদ করে তবে ছেদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।**

সমাধান: $\bar{r} = (3+2t)\hat{i}+(8-t)\hat{j}+(-2+3t)\hat{k}$

এবং $\bar{r} = (7+2s)\hat{i}+(4+s)\hat{j}+(3+4s)\hat{k}$ রেখাদ্বয় ছেদ করলে, $3 + 2t = 7 + 2s \quad \cdots$ (i),

$8 - t = 4 + s \cdots$ (ii) এবং

$-2 + 3t = 3 + 4s \cdots \cdots$ (iii) সত্য হবে।

$(i) + (ii) \times 2 \Rightarrow 3 + 16 = 7 + 8 + 4s$

$\Rightarrow 4s = 4 \Rightarrow s = 1$

(ii) হতে পাই, $8 - t = 4 + 1 \Rightarrow t = 3$

$s = 1, t = 3$ এর জন্য (iii) এর

বামপক্ষ $= -2 + 3\times3 = 7$ এবং

ডানপক্ষ $= 3 + 4\times1 = 7$ সমান।

সরলরেখাদ্বয় পরস্পরকে ছেদ করে।

ছেদবিন্দুর অবস্থান ভেক্টর $= 9\hat{i}+5\hat{j}+7\hat{k}$

ভর্তি পরীক্ষার MCQ :

1. $4\hat{i}+2\hat{j}-3\hat{k}$ ও $\lambda\hat{i}-3\hat{j}+2\hat{k}$ **ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে λ এর মান – [DU 02-03, 06-07; NU 08-09, 05-06; RU 12-13,09-10]**

$Sol^n.\ 4\lambda - 6 - 6 = 0 \Rightarrow \lambda = 3$

2. $\hat{i}+3\hat{j}-6\hat{k}$ ও $m\hat{i}+2\hat{j}+4\hat{k}$ **ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে m এর মান – [BUET 07-08]**

$Sol^n.\ m + 6 - 24 = 0 \Rightarrow m = 18$

3. $\overrightarrow{F_1} = 2\hat{i}-3\hat{j}$ ও $\overrightarrow{F_2}$ **বল দুইটির লব্ধি** $\overrightarrow{F_3} = 5\hat{i}+4\hat{j}$ **হলে** $\overrightarrow{F_2} = ?$ **[DU 06-07]**

$Sol^n.\ \overrightarrow{F_1} + \overrightarrow{F_2} = \overrightarrow{F_3} \Rightarrow \overrightarrow{F_2} = \overrightarrow{F_3} - \overrightarrow{F_1}$

$\Rightarrow \overrightarrow{F_2} = (5\hat{i}+4\hat{j}) - (2\hat{i}-3\hat{j}) = 3\hat{i}+7\hat{j}$

4. $\vec{A} = \hat{i}-2\hat{j}+3\hat{k}$ **এবং** $\vec{B} = 2\hat{i}+\hat{j}-\hat{k}$ **হলে** $\vec{A}\cdot\vec{B} = ?$ **[DU 01-02]**

$Sol^n.\ \vec{A}\cdot\vec{B} = 2 - 2 - 3 = -3$

5. $\vec{B} = 2\hat{i}+10\hat{j}-11\hat{k}$ **ভেক্টর বরাবর** $\vec{A} = 2\hat{i}+2\hat{j}+\hat{k}$ **ভেক্টরের উপাংশের মান– [CU 07-08]**

$Sol^n.$ মান $= \dfrac{\vec{A}\cdot\vec{B}}{|\vec{B}|} = \dfrac{4+20-11}{\sqrt{4+100+121}} = \dfrac{13}{15}$

6. $\vec{Y} = 2\hat{i}-3\hat{j}+5\hat{k}$ **ভেক্টরের উপর** $\vec{X} = -\hat{i}+\hat{j}-4\hat{k}$ **এর অভিক্ষেপ– [CU 07-08]**

$Sol^n.$ অভিক্ষেপ $= \dfrac{\vec{X}\ \vec{Y}}{|\vec{Y}|} = \dfrac{-2-3-20}{\sqrt{4+9+25}} = \dfrac{-25}{\sqrt{38}}$

7. $\vec{X} = 4\hat{i}-2\hat{j}+5\hat{k}$ **এবং** $\vec{Y} = 3\hat{i}+\hat{j}-2\hat{k}$ **ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ– [CU 07-08]**

$Sol^n.\ \cos\theta = \dfrac{\vec{X}\cdot\vec{Y}}{|\vec{X}||\vec{Y}|}$

$= \dfrac{12-2-10}{\sqrt{16+4+25}\sqrt{9+1+4}} = 0 \therefore \theta = 90°$

8. $2\hat{i}-3\hat{k}$ **এবং** $\hat{i}+\hat{j}+\hat{k}$ **ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ– [BUET 07-08]**

$Sol^n.\ \cos\theta = \dfrac{2+0-3}{\sqrt{4+9}\sqrt{1+1+1}} = \dfrac{-1}{\sqrt{13}\sqrt{3}}$

$\theta = \cos^{-1}(\dfrac{-1}{\sqrt{39}})$

9. **a এর মান কত হলে,** $\vec{A} = 5\hat{i}+2\hat{j}+3\hat{k}$ **এবং** $\vec{B} = 15\hat{i}+a\hat{j}+9\hat{k}$ **ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল হবে। [IU 07-08]**

$Sol^n.$ $\vec{A}$ ও $\vec{B}$ সমান্তরাল বলে, $\dfrac{5}{15} = \dfrac{2}{a} = \dfrac{3}{9}$

$a = 6$

10. **দুইটি ভেক্টর** $\vec{A} = 2\hat{i}-6\hat{j}-3\hat{k}$ **এবং** $\vec{B} = 4\hat{i}+3\hat{j}-\hat{k}$ **দ্বারা গঠিত সমতলের উপর একটি একক লম্ব ভেক্টর – [SU 06-07]**

$$Sol^n.\ \vec{A}\times\vec{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -6 & -3 \\ 4 & 3 & -1 \end{vmatrix}$$

$= (6+9)\hat{i} - (-2+12)\hat{j} + (6+24)\hat{k}$

$$\hat{\eta} = \pm \frac{\vec{A}\times\vec{B}}{|\vec{A}\times\vec{B}|} = \pm \frac{15\hat{i}-10\hat{j}+30\hat{k}}{\sqrt{225+100+900}}$$

$$= \pm \frac{1}{7}(3\hat{i}-2\hat{j}+6\hat{k})$$

11. $|\vec{A}\times\vec{B}|^2 + |\vec{A}\cdot\vec{B}|^2$ **এর মান–**

***Sol*^{n}.** $|\vec{A}\times\vec{B}|^2 + |\vec{A}\cdot\vec{B}|^2$

$= (AB\sin\theta)^2 + (AB\cos\theta)^2$

$= A^2B^2$

12. $\hat{i}, \hat{j}, \hat{k}$ **একক ভেক্টর হলে** $\hat{i}\cdot(\hat{j}\times\hat{k}) = ?$

***Sol*^{n}.** $i\cdot(\hat{j}\times\hat{k}) = \hat{i}\cdot\hat{i} = 1$

13. m ভরের একটি বস্তর উপর প্রযুক্ত $\vec{F} = 5\vec{x} + 4\vec{y}$ বলের কারণে বস্তটি একটি নির্দিষ্ট দিকে গতিশীল বস্তটি উপর যে বল প্রয়োগ করলে বস্তটির গতিপথের সাথে 45° কোণ তৈরী করবে সে বলের মান কত? **[RU 07-08]**

***Sol*^{n}.** $(5\vec{x}+4\vec{y})\cos 45°$

14. যদি বল $\vec{F} = 2\hat{i}+3\hat{j}+\hat{k}$ এর সরণ $\vec{S} = \hat{i}+2\hat{j}+5\hat{k}$ হয় হবে কাজ W = ? **[RU 06-07]**

***Sol*^{n}.** $W = \vec{F}\ \vec{S} = 2+6+5 = 13$

15. যদি প্রযুক্ত বল $\vec{F} = 5\hat{i}+2\hat{j}-\hat{k}$ এর ঘূর্ণায়মান কণার অক্ষের সাপেক্ষে অবস্থান ভেক্টর $\vec{r} = 2\hat{i}-\hat{j}+3\hat{k}$ হয় তবে বলের মোমেন্ট T এর মান কত? **[RU 06-07]**

***Sol*^{n}.:** $\vec{T} = \vec{F}\times\vec{r} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 3 & 2 & -1 \\ 2 & -1 & 3 \end{vmatrix}$

$= (6-1)\hat{i} - (9+2)\hat{j} + (-3-4)\hat{k}$

$= 5\hat{i} - 11\hat{j} - 7\hat{k}$

$T = |\vec{T}| = \sqrt{25+121+49} = \sqrt{195}$

16. XOZ তলের সমান্তরাল এবং $3\hat{i}-\hat{j}+4\hat{k}$ ভেক্টরের সাথে লম্ব একক ভেক্টর হবে–

***Sol*^{n}.:** XOZ তলের সমান্তরাল বলে $\hat{i}$ ও $\hat{k}$ উপাংশ থাকবে। XOZ তলের সমান্তরাল এবং $3\hat{i}-\hat{j}+4\hat{k}$ ভেক্টরের সাথে লম্ব ভেক্টর $4\hat{i}-3\hat{k}$. **[BUET 10-11]**

নির্ণেয় একক ভেক্টর $= \frac{4\hat{i}-3\hat{k}}{\sqrt{16+9}} = \frac{4\hat{i}-3\hat{k}}{5}$

এক নজরে প্রয়োজনীয় সূত্রাবলী ঃ

1. $x = r\cos\theta$, $y = r\sin\theta$ হলে, $r = \sqrt{x^2+y^2}$, $\theta = \tan^{-1}\dfrac{y}{x}$

2. (i) $P(x, y)$ বিন্দুর দূরত্ব x-অক্ষ হতে $= |y|$ এবং y-অক্ষ হতে $= |x|$

(ii) $P(x_1, y_1)$ এবং $Q(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{(x_1-x_2)^2+(y_1-y_2)^2}$

(iii) $P(r_1, \theta_1)$ এবং $Q(r_2, \theta_2)$ বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{r_1^{\,2}+r_2^{\,2}-2r_1r_2\cos(\theta_1-\theta_2)}$

3. (i) $P(x_1, y_1)$ এবং $Q(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $R(x, y)$ বিন্দু $m_1 : m_2$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে, $R \equiv \left(\dfrac{m_1x_2+m_2x_1}{m_1+m_2}, \dfrac{m_1y_2+m_2y_1}{m_1+m_2}\right)$, $\dfrac{m_1}{m_2} = \dfrac{x_1-x}{x-x_2} = \dfrac{y_1-y}{y-y_2}$

বহির্বিভক্ত করলে, $R \equiv \left(\dfrac{m_1x_2-m_2x_1}{m_1-m_2}, \dfrac{m_1y_2-m_2y_1}{m_1-m_2}\right)$, $\dfrac{m_1}{m_2} = \dfrac{x_1-x_2}{x_2-x} = \dfrac{y_1-y_2}{y_2-y}$

(ii) $P(x_1, y_1)$ এবং $Q(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখার মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\dfrac{x_1+x_2}{2}, \dfrac{y_1+y_2}{2}\right)$

(iii) $P(x_1, y_1)$ এবং $Q(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে $k:1$ অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক $\left(\dfrac{kx_2+x_1}{k+1}, \dfrac{ky_2+y_1}{k+1}\right)$

4. (x_1, y_1), (x_2, y_2) এবং (x_3, y_3) শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্রের স্থানাঙ্ক $\left(\dfrac{x_1+x_2+x_3}{3}, \dfrac{y_1+y_2+y_3}{3}\right)$

5. ABC ত্রিভুজের শীর্ষত্রয় $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ হলে, বিন্দুত্রয়ের নিশ্চায়ক,

$$\delta_{ABC} = \begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ x_3 & y_3 & 1 \end{vmatrix} = \begin{vmatrix} x_1 & x_2 \\ y_1 & y_2 \end{vmatrix} + \begin{vmatrix} x_2 & x_3 \\ y_2 & y_3 \end{vmatrix} + \begin{vmatrix} x_3 & x_1 \\ y_3 & y_1 \end{vmatrix} = (x_1y_2+x_2y_3+x_3y_1)-(y_1x_2+y_2x_3+y_3x_1)$$

$= (x_1-x_2)(y_2-y_3)-(y_1-y_2)(x_2-x_3)$ এবং $\Delta ABC = \dfrac{1}{2}\,|\,\delta_{ABC}\,| = \dfrac{1}{2}\left|\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}\right|$ বর্গ একক

6. (x_1, y_1), (x_2, y_2), (x_3, y_3) বিন্দুগুলি সমরেখ হলে, $(x_1-x_2)(y_2-y_3)-(y_1-y_2)(x_2-x_3) = 0$.

7. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= \dfrac{1}{2}\,|\,(x_1y_2+x_2y_3+x_3y_4+x_4y_1)-(y_1x_2+y_2x_3+y_3x_4+y_4x_1)\,|$

8. C ও D বিন্দুদ্বয় AB রেখার একই পার্শ্বে হলে , $\delta_{ABC} \times \delta_{ABD} > 0$ এবং বিপরীত পার্শ্বে হলে, $\delta_{ABC} \times \delta_{ABD} < 0$

9. AB রেখাটি CD রেখাংশকে E বিন্দুতে $m_1 : m_2$ অনুপতে বিভক্ত করলে $\dfrac{CE}{DE} = \dfrac{m_1}{m_2} = \dfrac{\delta_{ABC}}{\delta_{ABD}}$.



প্রমাণ ঃ AB এর উপর CN ও DM লম্ব হলে, ΔCNE ও ΔDME সদৃশ।

$$\frac{CN}{DM} = \frac{CE}{DE} = \frac{m_1}{m_2} \qquad \frac{\Delta ABC}{\Delta ABD} = \frac{\frac{1}{2}\delta_{ABC}}{\frac{1}{2}\delta_{ABD}} = \frac{\frac{1}{2}AB \times CN}{\frac{1}{2}AB \times DM} = \frac{m_1}{m_2} \Rightarrow \frac{m_1}{m_2} = \frac{\delta_{ABC}}{\delta_{ABD}}$$

ক্রম ভিন্ন বলে অনুপাত ঋণাত্মক হবে। অতএব, অনুপাত (+) হলে বহির্বিভক্ত করবে এবং (−) হলে অন্তর্বিভক্ত করবে।

MCQ এর জন্য, 1. $A \equiv (x_2 + x_3 - x_1, y_2 + y_3 - y_1)$

$B \equiv (x_1 + x_3 - x_2, y_1 + y_3 - y_2)$

$C \equiv (x_1 + x_2 - x_3, y_1 + y_2 - y_3)$



2. ABCD সামান্তরিকের চতুর্থ শীর্ষের স্থানাঙ্ক

$(x, y) = (x_2 + x_3 - x_1, y_2 + y_3 - y_1)$



3. (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুদ্বয় একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু হলে তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক

$$\left(\frac{x_1 + x_2 + \sqrt{3}(y_1 - y_2)}{2}, \frac{y_1 + y_2 - \sqrt{3}(x_1 - x_2)}{2}\right) \text{ বা, } \left(\frac{x_1 + x_2 - \sqrt{3}(y_1 - y_2)}{2}, \frac{y_1 + y_2 + \sqrt{3}(x_1 - x_2)}{2}\right)$$

প্রশ্নমালা III A

1. x- অক্ষ হতে P বিন্দুর দূরত্ব y-অক্ষ হতে এর দূরত্বের দ্বিগুণ। x- অক্ষ হতে এর দূরত্ব 4 একক হলে, P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান : মনে করি, P বিন্দুর স্থানাঙ্ক (α, β).

x- অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $= |\beta|$ এবং

y-অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $= |\alpha|$

প্রশ্নমতে, $|\beta| = 4 \Rightarrow \beta = \pm 4$ এবং

$|\beta| = 2|\alpha| \Rightarrow 2|\alpha| = 4$

$\Rightarrow |\alpha| = 2 \Rightarrow \alpha = \pm 2$

P বিন্দুর স্থানাঙ্ক $(2, 4)$, $(2, -4)$, $(-2, 4)$ অথবা, $(-2, -4)$

2(i) কার্তেসীয় স্থানাঙ্ককে পোলার স্থানাঙ্কে প্রকাশ কর, যখন $r \geq 0$ এবং $\theta \in [0, 2\pi[$ অথবা, $\theta \in]-\pi, \pi]$

(a) $(-1, -\sqrt{3})$ (b) $(1, -\sqrt{3})$

সমাধান ঃ (a) ধরি, $(-1, -\sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক (r, θ).

$r = \sqrt{(-1)^2 + (-\sqrt{3})^2} = 2$ এবং

$\theta \in [0, 2\pi[$ হলে, $\theta = \tan^{-1}\frac{-\sqrt{3}}{-1}$

$= \pi + \tan^{-1}\sqrt{3} = \pi + \frac{\pi}{3} = \frac{4\pi}{3}$

$\theta \in]-\pi, \pi]$ হলে, $\theta = \tan^{-1}\frac{-\sqrt{3}}{-1}$

$= -\pi + \tan^{-1}\sqrt{3} = -\pi + \frac{\pi}{3} = -\frac{2\pi}{3}$

$(-\sqrt{3}, 1)$ এর পোলার স্থানাঙ্ক $(2, \frac{4\pi}{3})$ অথবা, $(2, -\frac{2\pi}{3})$.

(b) ধরি, $(1, -\sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক (r, θ).

$r = \sqrt{(-\sqrt{3})^2 + 1^2} = 2$ এবং

$\theta \in]-\pi, \pi]$ হলে, $\theta = \tan^{-1}\frac{-\sqrt{3}}{1}$

$= -\tan^{-1}\sqrt{3} = -\frac{\pi}{3}$

$\theta \in]-\pi, \pi]$ হলে, $\theta = \tan^{-1}\frac{-\sqrt{3}}{1}$

$= 2\pi - \tan^{-1}\sqrt{3} = 2\pi - \frac{\pi}{3} = \frac{5\pi}{3}$

$(1, -\sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক $(2, -\frac{\pi}{3})$.বা, $(2, \frac{5\pi}{3})$

(ii) পোলার স্থানাঙ্ককে কার্তেসীয় স্থানাঙ্কে প্রকাশ কর ঃ

(a) $(\sqrt{2}, \frac{5\pi}{4})$ (b) $(-2, 120°)$ (c) $(\sqrt{2}, -\frac{\pi}{4})$

2(ii) সমাধান ঃ (a) $(\sqrt{2}, \frac{5\pi}{4})$ এর কার্তেসীয় স্থানাঙ্ক

$= (\sqrt{2}\cos\frac{5\pi}{4}, \sqrt{2}\sin\frac{5\pi}{4})$

$= (\sqrt{2}\cos(\pi+\frac{\pi}{4}), \sqrt{2}\sin(\pi+\frac{\pi}{4}))$

$= (\sqrt{2}\cos(\pi+\frac{\pi}{4}), \sqrt{2}\sin(\pi+\frac{\pi}{4}))$

$= (-\sqrt{2}\cos\frac{\pi}{4}, -\sqrt{2}\sin\frac{\pi}{4})$

$= (-\sqrt{2}\cdot\frac{1}{\sqrt{2}}, -\sqrt{2}\cdot\frac{1}{\sqrt{2}}) = (-1, -1)$

(b) $(-2, 120°)$ এর কার্তেসীয় স্থানাঙ্ক

$= (-2\cos 120^0, -2\sin 120^0)$

$= (-2\cos(90^0+30^0), -2\sin(90^0+30^0))$

$= (2\sin 30^0, -2\cos 30^0)$

$= (2\cdot\frac{1}{2}, -2\cdot\frac{\sqrt{3}}{2}) = (1, -\sqrt{3})$

(c) $(\sqrt{2}, -\frac{\pi}{4})$ এর কার্তেসীয় স্থানাঙ্ক

$= (\sqrt{2}\cos(-\frac{\pi}{4}), \sqrt{2}\sin(-\frac{\pi}{4}))$

$= (\sqrt{2}\cos\frac{\pi}{4}, -\sqrt{2}\sin\frac{\pi}{4})$

$= (\sqrt{2}\cdot\frac{1}{\sqrt{2}}, -\sqrt{2}\cdot\frac{1}{\sqrt{2}}) = (1, -1)$

3. পোলার সমীকরণকে কার্তেসীয় সমীকরণে এবং কার্তেসীয় সমীকরণকে পোলার সমীকরণে প্রকাশ কর ঃ

(a) $y = x\cot\alpha$ **(b)** $r^2 = a^2\cos 2\theta$.

সমাধান : (a) $y = x\cot\alpha$

$\Rightarrow r\sin\theta = r\cos\theta\cot\alpha$

$\Rightarrow \tan\theta = \tan(\frac{\pi}{2}-\alpha) \Rightarrow \theta = \frac{\pi}{2}-\alpha$ (Ans.)

(b) $r^2 = a^2\cos 2\theta$

$\Rightarrow r^2 = a^2(\cos^2\theta - \sin^2\theta)$

$\Rightarrow r^2 = a^2(\frac{x^2}{r^2} - \frac{y^2}{r^2})$

[$\because x = r\cos\theta, y = r\sin\theta$

$\Rightarrow (r^2)^2 = a^2(x^2-y^2)$

$(x^2+y^2)^2 = a^2(x^2-y^2)$ (Ans.)

4(a) দেখাও যে, $(2\sqrt{3}, 90°)$, $(2, 120°)$ এবং $(2, 60°)$ বিন্দুগুলি একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দুত্রয় $A(2\sqrt{3}\quad 90°)$, $B(2, 120°)$ ও $C(2, 60°)$

$\therefore AB = \sqrt{(2\sqrt{3})^2 + 2^2 - 2.2\sqrt{3}.2\cos(90^0-120^0)}$

$= \sqrt{12+4-8\sqrt{3}\cos 30^0} = \sqrt{16-8\sqrt{3}\cdot\frac{\sqrt{3}}{2}}$

$= \sqrt{16-12} = 2$

$BC = \sqrt{4+4-8\cos 60^0} = \sqrt{8-8.\frac{1}{2}} = 2$

$CA = \sqrt{4+12-8\sqrt{3}\cos 30^0}$

$= \sqrt{16-8\sqrt{3}.\frac{\sqrt{3}}{2}} = \sqrt{16-12} = 2$

AB,BC,CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং AB = CA = CA = 2.

প্রদত্ত বিন্দুত্রয় একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

4(b) P(4 , 0) এবং Q(0 , 4) বিন্দুদ্বয় একটি সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু হলে তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ মনে করি, সমবাহু ত্রিভুজের তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক $R(x, y)$. $\therefore PQ^2 = QR^2 = RP^2$

এখন, $QR^2 = RP^2$ হতে পাই,

$\Rightarrow (0-x)^2 + (4-y)^2 = (x-4)^2 + (y-0)^2$

$\Rightarrow x^2 + 16 - 8y + y^2 = x^2 - 8x + 16 + y^2$

$\Rightarrow -8y = -8x \Rightarrow y = x$ (1)

$PQ^2 = QR^2$ হতে পাই,

$\Rightarrow 4^2 + 4^2 = x^2 + 16 - 8y + y$

$\Rightarrow 32 = x^2 + 16 - 8x + x^2$ [$y = x$]

$\Rightarrow 2x^2 - 8x - 16 = 0$

$\Rightarrow x^2 - 4x - 8 = 0$

$$x = \frac{-(-4) \pm \sqrt{16-(-32)}}{2.1} = \frac{4 \pm \sqrt{48}}{2}$$

$$= \frac{4 \pm 4\sqrt{3}}{2} = 2 \pm 2\sqrt{3}$$

$y = 2 + 2\sqrt{3}$, যখন $x = 2 + 2\sqrt{3}$ এবং

$y = 2 - 2\sqrt{3}$, যখন $x = 2 - 2\sqrt{3}$

তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক $(2 + 2\sqrt{3}, 2 + 2\sqrt{3})$ বা, $(2 - 2\sqrt{3}, 2 - 2\sqrt{3})$

[বি.দ্র.: MCQ এর ক্ষেত্রে ,তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক =

$$\left(\frac{4+0+\sqrt{3}(0-4)}{2}, \frac{0+4-\sqrt{3}(4-0)}{2}\right)$$ বা,

$$\left(\frac{4+0-\sqrt{3}(0-4)}{2}, \frac{0+4+\sqrt{3}(4-0)}{2}\right)$$ অর্থাৎ

$(2-2\sqrt{3}, 2-2\sqrt{3})$ বা, $(2+2\sqrt{3}, 2+2\sqrt{3})$]

4(c) A ও B দুইটি স্থির বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (3, 4) ও (3 , 6) । AB বাহুর উপর অঙ্কিত সমবাহু ত্রিভুজ ABC এর C বিন্দুটি AB রেখার সাপেক্ষে মূলবিন্দুর বিপরীত পাশে অবস্থিত হলে, C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ মনে করি, সমবাহু ত্রিভুজের তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক $C(x, y)$. $\therefore\ AB^2 = BC^2 = CA^2$

এখন, $BC^2 = CA^2$ হতে পাই,

$\Rightarrow (3-x)^2 + (6-y)^2 = (x-3)^2 + (y-4)^2$

$\Rightarrow (6-y)^2 - (y-4)^2 = 0$

$\Rightarrow (6-y+y-4)(6-y-y+4) = 0$

$\Rightarrow 2(-2y+10) = 0 \Rightarrow y = 5 \cdots \cdots (1)$

$AB^2 = BC^2$ হতে পাই,

$\Rightarrow |4-6|^2 = (3-x)^2 + (6-y)^2$

$\Rightarrow 4 = 9 - 6x + x^2 + (6-5)^2\ [\because y = 5]$

$\Rightarrow x^2 - 6x + 6 = 0$

$$x = \frac{-(-6) \pm \sqrt{36-24}}{2.1} = \frac{6 \pm \sqrt{12}}{2}$$

$$= \frac{6 \pm 2\sqrt{3}}{2} = 3 \pm \sqrt{3}$$

A ও B বিন্দুর ভুজ 3 এবং C বিন্দুটি AB রেখার সাপেক্ষে মূলবিন্দুর বিপরীত পাশে অবস্থিত বলে, C এর ভুজ 3 অপেক্ষা বেশী হবে।

C বিন্দুর স্থানাঙ্ক $(3 + \sqrt{3}, 5)$

[বি. দ্র. MCQ এর ক্ষেত্রে , তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক

$$= \left(\frac{3+3-\sqrt{3}(4-6)}{2}, \frac{4+6+\sqrt{3}(3-3)}{2}\right)$$

$= (3 + \sqrt{3}, 5)$]

5(a) দেখাও যে, (2 , – 2) , (8 , 4) , (5 , 7) এবং (– 1 , 1) বিন্দুগুলি একটি আয়তের কৌনিক বিন্দু।

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দু চারটি A(2 , – 2) , B(8, 4), C (5 , 7) , D(– 1, 1).



$$AB = \sqrt{(2-8)^2 + (4+2)^2}$$

$$= \sqrt{36+36} = 6\sqrt{2}$$

$BC = \sqrt{(8-5)^2 + (4-7)^2} = \sqrt{9+9} = 3\sqrt{2}$

$CD = \sqrt{(5+1)^2 + (7-1)^2} = \sqrt{36+36} = 6\sqrt{2}$

$DA = \sqrt{(-1-2)^2 + (1+2)^2} = \sqrt{9+9} = 3\sqrt{2}$

$AC = \sqrt{(2-5)^2 + (-2-7)^2} = \sqrt{9+81} = 3\sqrt{10}$

$BD = \sqrt{(8+1)^2 + (4-1)^2} = \sqrt{81+9} = 3\sqrt{10}$

ABCD চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পারস্পর সমান অর্থাৎ $AB = CD = 6\sqrt{2}$, $BC = DA = 3\sqrt{2}$ এবং কর্ণদ্বয় পরস্পর সমান অর্থাৎ $AC = BD = 3\sqrt{10}$

প্রদত্ত বিন্দুগুলি একটি আয়তের কৌনিক বিন্দু।

5(b)দেখাও যে, (1,1), (–4, 13), (8, 8) এবং (13, – 4) বিন্দুগুলি একটি রম্বসের কৌনিক বিন্দু। [দি.'১১]



প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দু চারটি A(1 , 1), B(–4, 13), C (8 , 8) ও D(13, – 4).

$\therefore AB = \sqrt{(1+4)^2+(1-13)^2}$

$= \sqrt{25+144} = \sqrt{169} = 13$

$BC = \sqrt{(-4-8)^2+(13-8)^2}$

$= \sqrt{144+25} = \sqrt{169} = 13$

$CD = \sqrt{(8-13)^2+(8+4)^2}$

$= \sqrt{25+144} = \sqrt{169} = 13$

$DA = \sqrt{(13-1)^2+(-4-1)^2}$

$= \sqrt{144+25} = \sqrt{169} = 13$

$AC = \sqrt{(1-8)^2+(1-8)^2} = \sqrt{2\times 49} = 7\sqrt{2}$

$BD = \sqrt{(-4-13)^2+(13+4)^2} = 17\sqrt{2}$

ABCD চতুর্ভুজের চারটি বাহু পারস্পর সমান অর্থাৎ AB = BC = CD = DA =13 এবং কর্ণদ্বয় পরস্পর অসমান অর্থাৎ AC ≠ BD

প্রদত্ত বিন্দুগুলি একটি রম্বসের কৌনিক বিন্দু।

5(c) দেখাও যে, A (a,b), B (a + α , b + β), C (a+α + p,b + β + q) এবং D(a + p,b + q) বিন্দুগুলি একটি সামান্তরিক উৎপন্ন করে। কি শর্তে ABCD (i) একটি আয়তক্ষেত্র (ii) একটি রম্বস তা নির্ণয় কর।

প্রমাণ ঃ $AB = \sqrt{(a-a-\alpha)^2+(b-b-\beta)^2}$

$= \sqrt{\alpha^2+\beta^2}$

$BC = \sqrt{(-p)^2+(-q)^2} = \sqrt{p^2+q^2}$

$CD = \sqrt{\alpha^2+\beta^2}$

$DA = \sqrt{p^2+q^2}$

$AC = \sqrt{(\alpha+p)^2+(\beta+q)^2}$

$BD = \sqrt{(\alpha-p)^2+(\beta-q)^2}$

ABCD চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পারস্পর সমান অর্থাৎ AB = CD এবং BC = DA .

বিন্দু চারটি একটি সামান্তরিক উৎপন্ন করে।

(i) ABCD একটি আয়তক্ষেত্র হলে, কর্ণ দুইটি পরস্পর সমান হবে। $AC = BD \Rightarrow AC^2 = BD^2$

$\Rightarrow (\alpha+p)^2+(\beta+q)^2 = (\alpha-p)^2+(\beta-q)^2$

$\Rightarrow (\alpha+p)^2-(\alpha-p)^2 = (\beta-q)^2-(\beta+q)^2$

$\Rightarrow 4\alpha p = -4\beta q$ $\quad \alpha p + \beta q = 0$ ইহাই নির্ণেয় শর্ত ।

(ii) ABCD একটি রম্বস হলে, বাহু চারটি সমান হবে।

$AB = BC \Rightarrow AB^2 = BC^2$

$\Rightarrow \alpha^2+\beta^2 = p^2+q^2$; ইহাই নির্ণেয় শর্ত ।

6(a) একটি বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর যার কোটি ভুজের দ্বিগুণ এবং তা (4 , 3) বিন্দু হতে $\sqrt{10}$ একক দূরত্বে অবস্থিত।[রা.'০৭; মা.'০৮,'১২, '১৪; ঢা.'১১; দি.'১৩]

সমাধান ঃ ধরি, বিন্দুটির স্থানাঙ্ক $(\alpha, 2\alpha)$.

(4 , 3) বিন্দু হতে $(\alpha, 2\alpha)$ বিন্দুর দূরত্ব

$= \sqrt{(\alpha-4)^2+(2\alpha-3)^2}$

প্রশ্নমতে, $\sqrt{(\alpha-4)^2+(2\alpha-3)^2} = \sqrt{10}$

$\Rightarrow \alpha^2 - 8\alpha + 16 + 4\alpha^2 - 12\alpha + 9 = 10$

$\Rightarrow 5\alpha^2 - 20\alpha + 15 = 0$

$\Rightarrow \alpha^2 - 4\alpha + 3 = 0 \Rightarrow (\alpha-3)(\alpha-1) = 0$

$\Rightarrow \alpha = 1$ অথবা, $\alpha = 3$

বিন্দুটির স্থানাঙ্ক (1, 2) বা, (3 , 6) (Ans.)

6(b) $(a+b , b-a)$ এবং $(a-b , a+b)$ বিন্দু থেকে (x , y) বিন্দুর দূরত্ব সমান হলে, দেখাও যে, $bx - ay = 0$.

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দু তিনটি $A(x \quad y)$, $B(a+b , b-a)$, $C(a-b , a+b)$

প্রশ্নমতে, $AB = AC \Rightarrow AB^2 = AC^2$

$\Rightarrow (x-a-b)^2+(y-b+a)^2 =$

$(x-a+b)^2+(y-a-b)^2$

$\Rightarrow (x-a-b)^2-(x-a+b)^2$

$= (y-a-b)^2-(y-b+a)^2$

$\Rightarrow (x-a-b-x+a-b)(x-a-b+x-a+b)$

$= (y-a-b-y+b-a)(y-a-b+y-b+a)$

$\Rightarrow -2b.2(x-a) = -2a.2(y-b)$

$\Rightarrow bx-ab = ay-ab$

$bx-ay=0$ (Showed)

6(c) কোন বিন্দুর কোটি 6 এবং (5, 6) হতে বিন্দুটির দূরত্ব 4 একক হলে, বিন্দুটির ভুজ নির্ণয় কর। [ব.'০৩; কু.'১১]

সমাধান ঃ ধরি, বিন্দুটির স্থানাঙ্ক $(\alpha, 6)$.

(5, 6) হতে বিন্দুটির দূরত্ব $= |\alpha-5|$

প্রশ্নমতে, $|\alpha-5| = 4 \Rightarrow \alpha-5 = \pm 4$

$\Rightarrow \alpha = 9$ অথবা, $\alpha = 1$

বিন্দুটির ভুজ 9 অথবা 1.

6(d) দেখাও যে, a এর যেকোন মানের জন্য $B(\sqrt{3}+1, 3\sqrt{3})$ এবং $C(3\sqrt{3}+1, \sqrt{3})$ বিন্দু থেকে $A(a+1, a)$ বিন্দুর দূরত্ব সমান। ABC সমকোণী ত্রিভুজ হলে a এর মান নির্ণয় কর।

প্রমাণ ঃ $AB = \sqrt{(a-\sqrt{3})^2+(a-3\sqrt{3})^2}$

$= \sqrt{a^2-2\sqrt{3}a+3+a^2-2.a.3\sqrt{3}+27}$

$= \sqrt{2a^2-8\sqrt{3}a+30}$

এবং $AC = \sqrt{(a-3\sqrt{3})^2+(a-\sqrt{3})^2}$

$= \sqrt{2a^2-8\sqrt{3}a+30}$

a এর যেকোন মানের জন্য AB = AC .

২য় অংশ ঃ

$BC = \sqrt{(\sqrt{3}+1-3\sqrt{3}-1)^2+(3\sqrt{3}-\sqrt{3})^2}$

$= \sqrt{(-2\sqrt{3})^2+(2\sqrt{3})^2} = \sqrt{24}$

এখন ABC সমবাহু ত্রিভুজ হলে,

$\sqrt{2a^2-8\sqrt{3}a+30} = \sqrt{24}$

$\Rightarrow 2a^2-8\sqrt{3}a+30=24$

$\Rightarrow 2a^2-8\sqrt{3}a+6=0 \Rightarrow a^2-4\sqrt{3}a+3=0$

$\Rightarrow (a-2\sqrt{3})^2 = -3+12 = 3^2$

$\Rightarrow a-2\sqrt{3} = \pm 3 \therefore a = 2\sqrt{3} \pm 3$ (Ans.)

6(e) y-অক্ষ এবং (7 , 2) বিন্দু থেকে (a , 5) বিন্দুটির দূরত্ব সমান হলে, a এর মান নির্ণয় কর।
[রা.'১০; য.'০৬,'১০; কু.'০৭; চ.'১০; ঢা.'১৩]

সমাধান ঃ y-অক্ষ থেকে $(a, 5)$ বিন্দুর দূরত্ব $= |a|$ এবং (7 , 2) বিন্দু থেকে (a 5) বিন্দুর দূরত $= \sqrt{(a-7)^2+(5-2)^2}$

প্রশ্নমতে, $|a| = \sqrt{(a-7)^2+(5-2)^2}$

$\Rightarrow a^2 = a^2-14a+49+9$

$\Rightarrow 14a = 58 \Rightarrow a = \frac{58}{14} = \frac{29}{7}$ (Ans.)

6(f) x –অক্ষ এবং (–5 , –7) বিন্দু থেকে (4 , k) বিন্দুটির দূরত্ব সমান হলে, k এর মান নির্ণয় কর।
[কু.'০৯; মা.বো.'১৩]

সমাধান ঃ x–অক্ষ থেকে (4 , k) বিন্দুটির দূরত্ব $= |k|$ এবং (–5 , –7) বিন্দু থেকে (4 , k) বিন্দুটির দূরত্ব

$= \sqrt{(-5-4)^2+(-7-k)^2}$

$= \sqrt{81+49+14k+k^2} = \sqrt{130+14k+k^2}$

প্রশ্নমতে, $|k| = \sqrt{130+14k+k^2}$

$\Rightarrow k^2 = 130+14k+k^2 \therefore k = -\frac{130}{14} = -\frac{65}{7}$

7.(a) (5,7) , (–1, –1) ও (–2 , 6) বিন্দুত্রয় একটি বৃত্তের পরিধির উপর অবস্থিত । এর কেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধানঃ ধরি, বৃত্তের কেন্দ্র O(x , y) এবং এর পরিধিস্থ বিন্দু তিনটি A(5,7) , B(–1, –1) ও C(–2 , 6)।

OA = OB = OC, [$\because$ একই বৃত্তের ব্যাসার্ধ।]

OA = OB অর্থাৎ $OA^2 = OB^2$ হতে পাই,

$(x-5)^2+(y-7)^2 = (x+1)^2+(y+1)^2$

$\Rightarrow x^2-10x+25+y^2-14y+49 =$

$x^2+2x+1+y^2+2y+1$

$\Rightarrow 12x+16y = 72 \Rightarrow 3x+4y-18=0 \cdots$(i)

OB = OC অর্থাৎ $OB^2 = OC^2$ হতে পাই,

$(x+1)^2+(y+1)^2 = (x+2)^2+(y-6)^2$

$\Rightarrow x^2+2x+1+y^2+2y+1=$
$$x^2+4x+4+y^2-12y+36$$
$\Rightarrow 2x-14y+38=0 \Rightarrow x-7y+19=0 \cdots$(ii)

(i) $-3\times$(ii) $\Rightarrow 4y+21y-18-57=0$

$\Rightarrow 25y=75 \Rightarrow y=3$

(ii) হতে পাই, $x=21-19=2$

বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (2,3) ।

7(b) কোন বৃত্তের একটি ব্যাসের প্রান্তবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক (5, 2) ও (–3 , – 4) হলে, এর ব্যাসার্ধ নির্ণয় কর।

সমাধানঃ ধরি, বৃত্তের ব্যাসটির প্রান্ত বিন্দুদ্বয় A(5,2) ও B(–3 , – 4) . তাহলে,

বৃত্তটির ব্যাস $= AB = \sqrt{(5+3)^2+(2+4)^2}$

$= \sqrt{64+36} = 10$ একক।

বৃত্তটির ব্যাসার্ধ $= \dfrac{10}{2} = 5$ একক।

7(c) একটি বৃত্তের ব্যাসার্ধ 5, কেন্দ্রের স্থানাঙ্ক (5,3) ; এর যে জ্যা (3, 2) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার দৈর্ঘ্য নির্ণয় কর। [কু. '১০; চ.'১৩]

সমাধানঃ ধরি, O(5, 3) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB জ্যা এর মধ্যবিন্দু C(3 , 2)। তাহলে,

$OC \perp AB$, ব্যাসার্ধ OA = 5 এবং

$OC^2=(5-3)^2+(3-2)^2=5$



OAC সমকোণী ত্রিভুজ হতে

পাই, $OA^2=AC^2+OC^2$

$\Rightarrow 5^2=AC^2+5$

$\Rightarrow AC^2=25-5=20 \Rightarrow AC=2\sqrt{5}$

$AB=2\times AC=2\times 2\sqrt{5}=4\sqrt{5}$

জ্যা এর দৈর্ঘ্য $4\sqrt{5}$ একক।

7(d) একটি বৃত্তের ব্যাসার্ধ 10, কেন্দ্রের স্থানাঙ্ক (11, 2) ; এর যে জ্যা (2, –1) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার দৈর্ঘ্য নির্ণয় কর। [ব.'১১]

সমাধানঃ ধরি, O(11, 2) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB জ্যা এর মধ্যবিন্দু C(2 , –1)। তাহলে, $OC \perp AB$,

ব্যাসার্ধ OA =10 এবং

$OC^2=(11-2)^2$

$+(2+1)^2 = 81+9=90$



OAC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$OA^2=AC^2+OC^2$

$\Rightarrow 10^2=AC^2+90$

$\Rightarrow AC^2=100-90=10 \Rightarrow AC=\sqrt{10}$

$AB=2\times AC=2\times\sqrt{10}=2\sqrt{10}$

জ্যা এর দৈর্ঘ্য $2\sqrt{10}$ একক।

8. A(4 , 3), B(11, 2) ও C(2, –1) বিন্দুত্রয় ABC ত্রিভুজের শীর্ষবিন্দু।

(a) মূলবিন্দু এবং অক্ষদ্বয় হতে C বিন্দুর দূরত্ব নির্ণয় কর।

(b) A বিন্দু হতে $\sqrt{10}$ একক দূরত্বে অবস্থিত একটি বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর যার কোটি ভুজের দ্বিগুণ।
[রা.'০৭; মা.'০৮,'১২, '১৪; ঢা.'১১; দি.'১৩]

(c) B কেন্দ্র ও 10 ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের যে জ্যা C বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার দৈর্ঘ্য নির্ণয় কর ।[ব.'১১]

সমাধান: (a) মূলবিন্দু হতে C(2, –1) বিন্দুর দূরত্ব

$=\sqrt{2^2+1^2}=\sqrt{5}$ একক ।

x-অক্ষ হতে C(2, –1) বিন্দুর দূরত্ব $=|-1|=1$ একক ।
এবং y-অক্ষ হতে C(2, –1) বিন্দুর দূরত্ব $=|2|=2$ একক ।

(b) 6(a) দ্রষ্টব্য।

(c) 7(d) দ্রষ্টব্য।

কাজ

1. P বিন্দুর কোটি – 6 । *x*- অক্ষ হতে P বিন্দুর দূরত্ব *y*-অক্ষ হতে এর দূরত্বের অর্ধেক হলে, P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান : ধরি, P বিন্দুর স্থানাঙ্ক (x , – 6) .

x- অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $=|-6|=6$ এবং

y-অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $=|x|$

প্রশ্নমতে, $6=\dfrac{1}{2}|x| \Rightarrow |x|=12 \Rightarrow x=\pm 12$

P বিন্দুর স্থানাঙ্ক (12 , – 6) বা, (– 12, – 6)

2. (1, 1) ও $(-\sqrt{3}, 1)$ কে পোলার স্থানাঙ্কে প্রকাশ কর, যখন $r \geq 0$ এবং $\theta \in [0, 2\pi[$ অথবা, $\theta \in]-\pi, \pi]$.

সমাধানঃ মনে করি , (1, 1) এর পোলার স্থানাঙ্ক (r, θ).

$r = \sqrt{1^2 + 1^2} = \sqrt{2}$ এবং

$\theta = \tan^{-1}\frac{1}{1} = \tan^{-1} 1 = \frac{\pi}{4}$

(1, 1) এর পোলার স্থানাঙ্ক $(\sqrt{2}, \frac{\pi}{4})$

ধরি, $(-\sqrt{3}, 1)$ এর পোলার স্থানাঙ্ক (r, θ).

$r = \sqrt{(-\sqrt{3})^2 + 1^2} = 2$ এবং

$\theta = \tan^{-1}\frac{1}{-\sqrt{3}} = \pi - \tan^{-1}\frac{1}{\sqrt{3}}$

$= \pi - \frac{\pi}{6} = \frac{5\pi}{6}$

$(-\sqrt{3}, 1)$ এর পোলার স্থানাঙ্ক $(2, \frac{5\pi}{6})$

3. $(4, \frac{\pi}{3})$ ও $(\sqrt{2}, -\frac{3\pi}{4})$ কে কার্তেসীয় স্থানাঙ্কে প্রকাশ কর।

$(4, \frac{\pi}{3})$ এর কার্তেসীয় স্থানাঙ্ক $= (4\cos\frac{\pi}{3}, 4\sin\frac{\pi}{3})$

[$\because$ (r, θ) এর কার্তেসীয় স্থানাঙ্ক $(r\cos\theta, r\sin\theta)$]

$= (4 \times \frac{1}{2}, 4 \times \frac{\sqrt{3}}{2}) = (2, 2\sqrt{3})$

এবং $(\sqrt{2}, -\frac{3\pi}{4})$ এর কার্তেসীয় স্থানাঙ্ক

$= (\sqrt{2}\cos(-\frac{3\pi}{4}), \sqrt{2}\sin(-\frac{3\pi}{4}))$

$= (\sqrt{2}\cos\frac{3\pi}{4}, -\sqrt{2}\sin\frac{3\pi}{4})$

$= (\sqrt{2}\cos(\pi - \frac{\pi}{4}), -\sqrt{2}\sin(\pi - \frac{\pi}{4}))$

$= (-\sqrt{2}\cos\frac{\pi}{4}, -\sqrt{2}\sin\frac{\pi}{4})$

$= (-\sqrt{2} \cdot \frac{1}{\sqrt{2}}, -\sqrt{2} \cdot \frac{1}{\sqrt{2}}) = (-1, -1)$

4. $x^2 - y^2 = a^2$ কে পোলার সমীকরণে এবং $r^2 \sin 2\theta = 2a^2$ কে কার্তেসীয় সমীকরণে প্রকাশ কর ।

সমাধান $\therefore x^2 - y^2 = a^2$

$\Rightarrow (r\cos\theta)^2 - (r\sin\theta)^2 = a^2$

[$\because x = r\cos\theta, y = r\sin\theta$]

$\Rightarrow r^2(\cos^2\theta - \sin^2\theta) = a^2$

$\Rightarrow r^2 \cos 2\theta = a^2$ (Ans.)

এবং $r^2 \sin 2\theta = 2a^2$

$\Rightarrow r^2 . 2\sin\theta\cos\theta = 2a^2$

$\Rightarrow 2(r\cos\theta)(r\sin\theta) = 2a^2$

$\Rightarrow 2xy = 2a^2 \quad xy = a^2$ (Ans.)

5. দেখাও যে, (3, 8) , (8 , 3) এবং (– 2 , 3) বিন্দুগুলি একটি সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

প্রমাণ ঃ মনে করি, প্রদত্ত বিন্দুত্রয় A(3 8) B(8 , 3) ও C (– 2 , 3).

$AB = \sqrt{(3-8)^2 + (8-3)^2} = 5\sqrt{2}$

$BC = \sqrt{(8+2)^2 + (3-3)^2} = 10$

$CA = \sqrt{(-2-3)^2 + (3-8)^2} = 5\sqrt{2}$

AB , BC, CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং $AB = CA = 5\sqrt{2}$

প্রদত্ত বিন্দুত্রয় একটি সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু।

6. দেখাও যে, (4 , 4) , (5 , 2) এবং (1 , 0) বিন্দুগুলি একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু এবং ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দুত্রয় A(4 , 4) , B(5 , 2) ও C (1 , 0).

$AB = \sqrt{(4-5)^2 + (4-2)^2} = \sqrt{1+4} = \sqrt{5}$

$BC = \sqrt{(5-1)^2 + (2-0)^2} = \sqrt{16+4} = 2\sqrt{5}$

$CA = \sqrt{(1-4)^2 + (0-4)^2} = \sqrt{9+16} = 5$

AB,BC,CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর বলে বিন্দুত্রয় একটি ত্রিভুজ গঠন করে।

আবার, $AB^2 + BC^2 = 5 + 20 = 25 = CA^2$

অতএব, প্রদত্ত বিন্দুত্রয় একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু যার $\angle B = 90^0$.

২য় অংশ ঃ

ত্রিভুটির ক্ষেত্রফল $= \frac{1}{2}(AB \times BC) \quad [\because \angle B = 90^0]$

$= \frac{1}{2}(\sqrt{5} \times 2\sqrt{5}) = 5$ বর্গ একক।

7. দেখাও যে, A (– 3 , 2) , B (– 7 , – 5) , C(5, 4) এবং D(9, 11) বিন্দুগুলি একটি সামান্তরিকের শীর্ষবিন্দু।

প্রমাণ ঃ ABCD চতুর্ভুজে,

$AB = \sqrt{(-3+7)^2 + (2+5)^2} = \sqrt{16+49} = \sqrt{65}$

$BC = \sqrt{(-7-5)^2 + (-5-4)^2} = \sqrt{144+81}$

$= \sqrt{225} = 15$

$CD = \sqrt{(5-9)^2 + (4-11)^2} = \sqrt{16+49} = \sqrt{65}$

$DA = \sqrt{(9+3)^2 + (11-2)^2} = \sqrt{144+81} = 15$

এখানে AB = CD এবং BC = DA অর্থাৎ ABCD চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পারস্পর সমান।

বিন্দু চারটি একটি সামান্তরিকের শীর্ষবিন্দু।

[**বি.দ্র.:** বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র ও রম্বস প্রত্যেকে সামান্তরিক । সুতরাং , সামান্তরিকের কর্ণদ্বয় সমান ও অসমান উভয়েই হতে পারে।]

8. দেখাও যে, (0 , 7), (4 , 9), (6, 5) এবং (2, 3) বিন্দুগুলি একটি বর্গের শীর্ষবিন্দু।

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দু চারটি A(0 , 7) , B(4, 9), C (6 , 5) ও D(2, 3).

$AB = \sqrt{(0-4)^2 + (7-9)^2}$

$= \sqrt{16+4} = \sqrt{20} = 2\sqrt{5}$



$BC = \sqrt{(4-6)^2 + (9-5)^2} = \sqrt{4+16} = 2\sqrt{5}$

$CD = \sqrt{(6-2)^2 + (5-3)^2} = \sqrt{16+4} = 2\sqrt{5}$

$DA = \sqrt{(2-0)^2 + (3-7)^2} = \sqrt{4+16} = 2\sqrt{5}$

$AC = \sqrt{(0-6)^2 + (7-5)^2} = \sqrt{36+4} = 2\sqrt{10}$

$BD = \sqrt{(4-2)^2 + (9-3)^2} = \sqrt{4+36} = 2\sqrt{10}$

ABCD চতুর্ভুজের চারটি বাহু পারস্পর সমান অর্থাৎ AB = BC = CD = DA $= 2\sqrt{5}$ এবং কর্ণদ্বয় পরস্পর সমান অর্থাৎ AC = BD = $2\sqrt{10}$.

প্রদত্ত বিন্দুগুলি একটি বর্গের কৌনিক বিন্দু।

9. x-অক্ষের উপর অবস্থিত P বিন্দু থেকে (0 , 2) এবং (6, 4)এর দুরত্ব সমান। P এর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, P বিন্দুর স্থানাঙ্ক $(\alpha, 0)$.

P বিন্দু থেকে (0 , 2) এর দুরত্ব = $\sqrt{\alpha^2 + 4}$ এবং

P বিন্দু থেকে (6, 4) এর দুরত্ব

$= \sqrt{(\alpha-6)^2 + 16}$

প্রশ্নমতে, $\sqrt{\alpha^2 + 4} = \sqrt{(\alpha-6)^2 + 16}$

$\Rightarrow \alpha^2 + 4 = \alpha^2 - 12\alpha + 36 + 16$

$\Rightarrow 12\alpha = 48 \Rightarrow \alpha = 4$

P বিন্দুর স্থানাঙ্ক (4, 0). (Ans.)

প্রশ্নমালা III B

1.(a) দেখাও যে, (2 – 2) এবং (– 1 , 4) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশ অক্ষদ্বয় দ্বারা সমান তিন ভাগে বিভক্ত হয়।
[সি.'০৫,'১৩; ব.'০৭ ; মা'০৫]

প্রমাণ ঃ ধরি, প্রদত্ত বিন্দুদ্বয় A(2, – 2) ও B(– 1, 4) এবং x-অক্ষ AB রেখাংশকে P(α, 0) বিন্দুতে m 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$0 = \frac{4m + 1\times -2}{m+1} \Rightarrow 4m = 2 \Rightarrow m = \frac{1}{2}$$

অর্থাৎ x-অক্ষ AB রেখাংশকে 1 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

আবার, ধরি y-অক্ষ AB রেখাংশকে $Q(0, \beta)$ বিন্দুতে $n : 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$0 = \frac{n\times -1 + 1\times 2}{n+1} \Rightarrow n = 2 \Rightarrow n : 1 = 2 : 1$$

অর্থাৎ y-অক্ষ AB রেখাংশকে 2 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore$ AB রেখাংশ অক্ষদ্বয় দ্বারা সমান তিনভাগে বিভক্ত হয়।

বিকল্প পদ্ধতি ধরি, প্রদত্ত বিন্দুদ্বয় $A(2, -2)$ ও $B(-1, 4)$ এবং x-অক্ষ ও y-অক্ষ AB রেখাংশকে যথাক্রমে $P(\alpha, 0)$ ও $Q(0, \beta)$ বিন্দুতে অন্তর্বিভক্ত করে।



$$\frac{AP}{PB} = \frac{2-\alpha}{\alpha+1} = \frac{-2-0}{0-4} = \frac{1}{2}$$

$\Rightarrow 2AP = PB = PQ + QB$

$\Rightarrow PQ = 2AP - QB \cdots \cdots (1)$

আবার, $\dfrac{AQ}{QB} = \dfrac{2-0}{0+1} = \dfrac{-2-\beta}{\beta-4} \Rightarrow \dfrac{AQ}{QP} = \dfrac{2}{1}$

$\Rightarrow AQ = 2QB \Rightarrow AP + PQ = 2\,QB$

$\Rightarrow AP + 2AP - QB = 2\,QB$ [(1) দ্বারা]

$\Rightarrow 3\,AP = 3\,QB$ $AP = QB$

$(1) \Rightarrow PQ = 2AP - AP = AP$

$\therefore AP = PQ = QB$

$\therefore$ AB রেখাংশ অক্ষদ্বয় দ্বারা সমান তিনভাগে বিভক্ত হয়।

1.(b) (7 , 5) ও (– 2 ,– 1) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের সমত্রিখণ্ডক বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

[ব.'০৫; রা.'০৯,'১১]

সমাধান ঃ



ধরি, প্রদত্ত বিন্দুদ্বয় $A(7, 5)$ ও $B(-2, -1)$ এবং P ও Q সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় AB রেখাংশকে যথাক্রমে 1 2 ও $2 : 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$P \equiv \left(\frac{1\times -2 + 2\times 7}{1+2}, \frac{1\times -1 + 2\times 5}{1+2}\right) = (4, 3)$$

$$Q \equiv \left(\frac{2\times -2 + 1\times 7}{2+1}, \frac{2\times -1 + 1\times 5}{2+1}\right) = (1, 1)$$

সমত্রিখণ্ডক বিন্দুদ্বয়ের স্থানাঙ্ক (4, 3) ও (1, 1)

1.(c) (2,–4) ও (–3,6) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x-অক্ষ এবং y- অক্ষ যে যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। [ঢা.'০৯; রা. '০৪, '০৮; য. '০২]

সমাধান ঃ



ধরি, প্রদত্ত বিন্দুদ্বয় $A(2, -4)$ ও $B(-3, 6)$ এবং AB রেখাংশকে P বিন্দু $k:1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$P \equiv \left(\frac{k\times -3 + 1\times 2}{k+1}, \frac{k\times 6 + 1\times -4}{k+1}\right)$$

এ বিন্দুটি x-অক্ষের উপর অবস্থিত হলে এর কোটি

$$\frac{6k-4}{k+1} = 0 \Rightarrow 6k - 4 = 0 \Rightarrow k = \frac{2}{3}$$

অর্থাৎ $k : 1 = 2 : 3$

আবার, এ বিন্দুটি y-অক্ষের উপর অবস্থিত হলে এর ভুজ

$$\frac{-3k+2}{k+1} = 0 \Rightarrow -3k + 2 = 0 \Rightarrow k = \frac{2}{3}$$

অর্থাৎ $k : 1 = 2 : 3$

x ও y-অক্ষরেখা প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $2 : 3$ এবং $2 : 3$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

1(d) (– 2 , 3) ও (4 , – 7) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x-অক্ষ এবং y- অক্ষ যে যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। [চ.'০৭; মা.'০৭]

সমাধান ঃ প্রদত্ত (– 2 , 3) ও (4 , – 7) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $k:1$ অনুপাতে অন্তর্বিভক্তকারী

বিন্দুটির স্থানাঙ্ক $= \left(\dfrac{k\times 4 + 1\times -2}{k+1}, \dfrac{k\times -7 + 1\times 3}{k+1}\right)$

এ বিন্দুটি x-অক্ষের উপর অবস্থিত হলে এর কোটি

$$\frac{-7k+3}{k+1} = 0 \Rightarrow -7k + 4 = 0 \Rightarrow k = \frac{3}{7}$$

অর্থাৎ $k : 1 = 3 : 7$

আবার, এ বিন্দুটি y-অক্ষের উপর অবস্থিত হলে এর ভুজ

$$\frac{4k-2}{k+1} = 0 \Rightarrow 4k - 2 = 0 \Rightarrow k = \frac{1}{2}$$

অর্থাৎ $k : 1 = 1 : 2$

x ও y-অক্ষরেখা প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে যথাক্রমে $3 : 7$ এবং $1 : 2$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

1(e) (2 , – 5) ও (2 , 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x-অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। ছেদবিন্দুর স্থানাঙ্কও নির্ণয় কর। [য.'০০]

সমাধান ঃ প্রদত্ত $(2 , -5)$ ও $(2 , 3)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $k:1$ অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুটির স্থানাঙ্ক $= (\dfrac{k\times 2+1\times 2}{k+1}, \dfrac{k\times 3+1\times -5}{k+1})$

এ বিন্দুটি x-অক্ষের উপর অবস্থিত হলে এর কোটি $\dfrac{3k-5}{k+1} = 0 \Rightarrow 3k - 5 = 0 \Rightarrow k = \dfrac{5}{3}$

অর্থাৎ $k : 1 = 5 \quad 3$

x-অক্ষরেখা প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $5 : 3$ অনুপাতে অন্তর্বিভক্ত করে এবং বিন্দুটির স্থানাঙ্ক

$$= (\frac{2.\frac{5}{3}+2}{\frac{5}{3}+1}, 0) = (\frac{10+6}{5+3}, 0) = (2 , 0)$$

[MCQ এর ক্ষেত্রে , বিন্দু দুইটির সাধারন ভুজ 2 বলে বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x-অক্ষরেখা $(2, 0)$ বিন্দুতে এবং $\dfrac{-5-0}{0-3} = \dfrac{5}{3}$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।]

1.(f) দেখাও যে, মূলবিন্দু (– 3 ,– 2) এবং (6, 4) বিন্দু দুইটির সংযোগ রেখাংশের একটি সমত্রিখন্ডক বিন্দু। অপর সমত্রিখন্ডক বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

[সি. '০২,'০৮; কু.'০৩; ঢা. '০৬; চ. '০৮; য. '০৯,'১৩]

সমাধান ঃ ধরি, প্রদত্ত বিন্দু দুইটি $A(-3, -2)$ ও $B(6 , 4)$ এবং P ও Q সমত্রিখন্ডক বিন্দু দুইটি AB রেখাংশকে যথাক্রমে $1 \quad 2$ ও $2 \quad 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$P \equiv (\frac{1\times 6+2\times -3}{1+2}, \frac{1\times 4+2\times -2}{1+2})$$
$$= (\frac{6-6}{3}, \frac{4-4}{3}) = (0 , 0)$$

এবং $Q \equiv (\dfrac{2\times 6+1\times -3}{2+1}, \dfrac{2\times 4+1\times -2}{2+1})$

$$= (\frac{12-3}{3}, \frac{8-2}{3}) = (3 , 2)$$

অতএব, মূলবিন্দু প্রদত্ত বিন্দু দুইটির সংযোগ রেখাংশের একটি সমত্রিখন্ডক বিন্দু এবং অপর সমত্রিখন্ডক বিন্দুর স্থানাঙ্ক $(3 , 2)$.

1(g) AB সরলরেখাটি P(3 , 3) এবং Q(8 , 5) বিন্দু দুটি দ্বারা সমত্রিখন্ডিত করা হয়, A, B এর স্থানাঙ্ক নির্ণয় কর। [ব.'১১]

সমাধান ঃ

A(a, b)   P(3,3)   Q(8,5)   C(c,d)

ধরি, A ও B এর স্থানাঙ্ক যথাক্রমে (a,b) ও (c, d)

তাহলে, P, AQ এর মধ্যবিন্দু ।

$$\frac{a+8}{2} = 3 \Rightarrow a = 6 - 8 = -2 \text{ এবং}$$
$$\frac{b+5}{2} = 3 \Rightarrow b = 6 - 5 = 1$$

আবার, Q, PC এর মধ্যবিন্দু ।

$$\frac{3+c}{2} = 8 \Rightarrow c = 16 - 3 = 13 \text{ এবং}$$
$$\frac{3+d}{2} = 5 \Rightarrow d = 10 - 3 = 7$$

A ও B এর স্থানাঙ্ক যথাক্রমে $(-2,1)$ ও $(13, 7)$

2.(a) A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (–2, 4) ও (4, – 5). AB রেখাংশকে C বিন্দু পর্যন্ত বর্ধিত করা হল যেন AB = 3BC হয়। C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

[কু.'০৯; চ.'১১; দি'১২; সি.'১০; রা.'১৩; ঢা.'১৪]

সমাধান ঃ

A(–2, 4)   B(4,–5)   C (x,y)

ধরি, C বিন্দুর স্থানাঙ্ক (x, y) .

দেওয়া আছে, $AB = 3BC \Rightarrow \dfrac{AB}{BC} = \dfrac{3}{1}$

B বিন্দু AC রেখাংশকে $3 \quad 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে । B বিন্দুর স্থানাঙ্ক $= (\dfrac{3x-2}{3+1}, \dfrac{3y+4}{3+1})$

প্রশ্নমতে, $\dfrac{3x-2}{4} = 4 \Rightarrow 3x - 2 = 16$

$\Rightarrow 3x = 18 \Rightarrow x = 6$

এবং $\dfrac{3y+4}{4} = -5 \Rightarrow 3y + 4 = -20$

$\Rightarrow 3y = -24 \Rightarrow y = -8$

C বিন্দুর স্থানাঙ্ক $(6, -8)$ (Ans.)

বিকল্প পদ্ধতি :

দেওয়া আছে, $AB = 3BC \Rightarrow \dfrac{AB}{BC} = 3$

ধরি, C বিন্দুর স্থানাঙ্ক (x, y).

$$\frac{AB}{BC} = \frac{-2-4}{4-x} = \frac{4+5}{-5-y} = 3$$

$\dfrac{-6}{4-x} = 3 \Rightarrow -6 = 12 - 3x \Rightarrow x = 6$ এবং

$\dfrac{9}{-5-y} = 3 \Rightarrow 9 = -15 - 3y \Rightarrow y = -8$

C বিন্দুর স্থানাঙ্ক $(6, -8)$ (Ans.)

2(b) A(8 , 10) ও B(18, 20) বিন্দুর সংযোগ রেখাংশকে Q ও R বিন্দুদ্বয় 2 : 3 অনুপাতে যথাক্রমে অন্তর্বিভক্ত ও বহির্বিভক্ত করে এবং P বিন্দু AB এর মধ্যবিন্দু। Q ও R বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর এবং প্রমাণ কর যে, $PQ \times PR = PB^2$ [রা.'০০]

সমাধান ঃ $P \equiv (\dfrac{8+18}{2}, \dfrac{10+20}{2}) = (13, 15)$

$Q \equiv (\dfrac{36+24}{2+3}, \dfrac{40+30}{2+3}) = (\dfrac{60}{5}, \dfrac{70}{5}) = (12, 14)$

$R \equiv (\dfrac{36-24}{2-3}, \dfrac{40-30}{2-3}) = (-12, -10)$

Q ও R বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(12, 14)$ ও $(-12, -10)$

এখন, $PQ = \sqrt{(13-12)^2 + (15-14)^2} = \sqrt{2}$

$PR = \sqrt{(13+12)^2 + (15+10)^2} = \sqrt{2 \times 25^2}$

$= 25\sqrt{2}$

$PB^2 = (13-18)^2 + (15-20)^2 = 50$

$PQ \times PR = \sqrt{2} \times 25\sqrt{2} = 50 = PB^2$

3. (a) একটি ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দু (2 , 7) ও (6 , 1) এবং এর ভরকেন্দ্র (6 , 4) ; তৃতীয় শীর্ষ নির্ণয় কর। [সি.'০৪,'১২; মা.বো.'০৭; ব.'১০,'১২; চ.'১২]

সমাধান ঃ ধরি, তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক (x, y).

$(2, 7)$, $(6, 1)$ ও (x, y) শীর্ষবিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র $(\dfrac{2+6+x}{3}, \dfrac{7+1+y}{3})$.

প্রশ্নমতে, $\dfrac{2+6+x}{3} = 6 \Rightarrow x + 8 = 18 \Rightarrow x = 10$

এবং $\dfrac{7+1+y}{3} = 4 \Rightarrow y + 8 = 12 \Rightarrow y = 4$

তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক $(10, 4)$.

3(b) একটি ত্রিভুজের দুইটি শীর্ষ (3 , 5) ও (7 , – 1) এবং এর ভরকেন্দ্র (7 , 2) তৃতীয় শীর্ষ নির্ণয় কর। [ব.'০৬]

সমাধান ঃ ধরি, তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক (x, y).

$(3, 5)$, $(7, -1)$ ও (x, y) শীর্ষবিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র $(\dfrac{3+7+x}{3}, \dfrac{5-1+y}{3})$.

প্রশ্নমতে, $\dfrac{3+7+x}{3} = 7 \Rightarrow x + 10 = 21 \Rightarrow x = 11$

এবং $\dfrac{5-1+y}{3} = 2 \Rightarrow y + 4 = 6 \Rightarrow y = 2$

তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক $(11, 2)$.

3(c) একটি ত্রিভুজের শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(at_1^2, 2at_1)$, $(at_1^2, 2at_2)$ এবং $(at_3^2, 2at_3)$ যদি এর ভরকেন্দ্র x–অক্ষের উপর অবস্থিত হয়, তাহলে দেখাও যে, $t_1 + t_2 + t_3 = 0$ [সি.'০৫; কু.'০৬; য.'০৯; মা.'০৯]

সমাধান ঃ ত্রিভুজটির ভারকেন্দ্রের স্থানাঙ্ক

$= (\dfrac{at_1^2 + at_2^2 + at_3^2}{3}, \dfrac{2a(t_1 + t_2 + t_3)}{3})$

এ বিন্দুটি x-অক্ষের উপর অবস্থিত বলে এর কোটি শূন্য।

$\dfrac{2a(t_1 + t_2 + t_3)}{3} = 0$

$\Rightarrow t_1 + t_2 + t_3 = 0$ (Showed)

3(d) ABC ত্রিভুজের শীর্ষত্রয় A(10 20) , B(20 , 30) এবং C(30 , 10). ABC ত্রিভুজের ভরকেন্দ্র G হলে GBC ত্রিভুজের GD মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর। [প্র.ভ.প.(প্রকৌশল ভর্তি পরীক্ষা)'০৪]

সমাধান ঃ



ABC ত্রিভুজের ভরকেন্দ্র G এর স্থানাঙ্ক

$=\left(\frac{10+20+30}{3}, \frac{20+30+10}{3}\right)=(20, 20)$

BC এর মধ্যবিন্দু $D(25, 20)$

$GD=\sqrt{(20-25)^2+(20-20)^2}$ একক

$= 5$ একক (Ans.)

3(e) ABC ত্রিভুজের BC, CA এবং AB এর মধ্যবিন্দু যথাক্রমে (2 , 4), (5 , 0) এবং (4 , – 2) হলে A , B এবং C শীর্ষত্রয়ের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ



মনে করি, ABC ত্রিভুজের শীর্ষত্রয় $A(x_1, y_1)$ $B(x_2, y_2)$ ও $C(x_3, y_3)$ এবং BC, CA ও AB এর মধ্যবিন্দু যথাক্রমে D(2, 4), E(5 , 0) ও F(4,– 2)

$\frac{x_1+x_2}{2}=4 \Rightarrow x_1+x_2=8 \qquad (1)$

$y_1+y_2=-4 \quad (2), x_2+x_3=4 \cdots(3)$

$y_2+y_3=8 \quad (4), x_3+x_1=10 \cdots (5)$

(6)

$(1)+(3)-(5) \Rightarrow 2x_2 = 2 \Rightarrow x_2 =$

(1) হতে পাই, $x_1 = 7$ এবং (3) হতে পাই $x_3 = 3$

আবার, (2) + (4) (6) ⇒ $2y_2 = 4 \Rightarrow y_2 = 2$

∴ (2) হতে পাই, $= -6$ এবং (4) হতে পাই $y_3 = 6$

B(1 3

0 4)

= 4 – 0

$C \equiv (2+5-4 \quad 4+0+2) = (3, 6)]$

1. (a) ABC ত্রিভুজের শীর্ষত্রয় A(– 3, – 2), B(– 3 , 9) এবং C(5 , – 8) ; ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর এবং এর সাহায্যে B হতে CA এর উপর লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। [কু.'০৪; য.'০৪,'১৩; চ.'০৮]

সমাধান : A(–3, – 2), B(– 3, 9) এবং C(5 , – 8) বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল

$\Delta ABC=\frac{1}{2}|\ (-3)9 + (-3)(-8) + 5(-2) - (-2)(-3) - 9(5) - (-8)(-3)|$

$[\frac{1}{2}|x_1y_2+x_2y_3+x_3y_4+x_4y_1 - y_1x_2 - y_2x_3 - y_3x_4 - y_4x_1$ সূত্র দ্বারা]

[A(– 3, –2), B(– 3, 9), C(5 , – 8)]

$=\frac{1}{2}|-27+24-10-6-45-24|$

$=\frac{1}{2}|-88|=44$ বর্গ একক।

বিকল্প পদ্ধতি:

$\Delta ABC = \frac{1}{2}\left|\begin{vmatrix} -3 & -3 & 5 & 3 \\ -2 & 9 & -8 & -2 \end{vmatrix}\right|$

$=\frac{1}{2}\ |-27+24-10-(6+45+24)\ |$

$=\frac{1}{2}|-13-75| = \frac{1}{2}\ |-88| = 44$

ত্রিভুজটির ক্ষেত্রফল একক।

ঃ ধরি

দৈর্ঘ্য d একক।

$\Delta ABC = \frac{1}{2} \times CA \times d$

44

$\Rightarrow 88 = \sqrt{64+36} \times d \Rightarrow d = \frac{88}{10} = 8\frac{4}{5}$

B হতে CA এর উপর লম্বের দৈর্ঘ্য $8\frac{4}{5}$ একক।

1(b) ABC ত্রিভুজের শীর্ষবিন্দু A(5, 6) , B(–9 , 1) এবং C(–3 , – 1) ; ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর এবং এর সাহায্যে A হতে BC এর উপর লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। [ঢা.'০৮; চ.'১০; য.'০৭; দি.০৯,'১০]

সমাধান ঃ $\Delta ABC = \frac{1}{2}\left|\begin{vmatrix} 5 & -9 & -3 & 5 \\ 6 & 1 & -1 & 6 \end{vmatrix}\right|$

$= \frac{1}{2}| 5 + 9 - 18 - (- 54 - 3 - 5)|$

$= \frac{1}{2}| - 4 + 62 | = \frac{1}{2}| - 4 + 62 | = \frac{1}{2}(58)$

$= 29$

ত্রিভুজটির ক্ষেত্রফল = 29 বর্গ একক।

২য় অংশ ঃ ধরি, A হতে BC এর উপর লম্বের দৈর্ঘ্য d একক।

$\Delta ABC = \frac{1}{2} \times BC \times d$

$\Rightarrow 29 = \frac{1}{2} \times \sqrt{(-9+3)^2 + (1+1)^2} \times d$

$\Rightarrow 58 = \sqrt{36+4} \times d$

$\Rightarrow d = \frac{58}{2\sqrt{10}} = \frac{29\sqrt{10}}{10}$

$\therefore$ A হতে BC এর উপর লম্বের দৈর্ঘ্য $\frac{29\sqrt{10}}{10}$ একক।

1(c) দেখাও যে, (3, 5), (3 , 8) এবং মূলবিন্দু একটি ত্রিভুজের শীর্ষত্রয়। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।[কু.'০২]

সমাধান ঃ মনে করি, প্রদত্ত বিন্দু দুইটি A(3, 5) ও B(3 , 8) এবং মূলবিন্দু O(0 , 0).

$OA = \sqrt{3^2+5^2} = \sqrt{9+25} = \sqrt{34}$

$OB = \sqrt{3^2+8^2} = \sqrt{9+64} = \sqrt{73}$

$AB = \sqrt{0^2+3^2} = \sqrt{9} = 3$

এখানে , $OA + AB = \sqrt{34} + 3 > \sqrt{73} = OB$

$\therefore$ প্রদত্ত বিন্দু দুইটি এবং মূলবিন্দু একটি ত্রিভুজের শীর্ষত্রয় ।

এখন, $\Delta ABO = \frac{1}{2}\left|\begin{vmatrix} 3 & 3 & 0 & 3 \\ 5 & 8 & 0 & 5 \end{vmatrix}\right|$

$= \frac{1}{2}| 24 + 0 + 0 - (15 + 0 + 0) |$

$= \frac{1}{2}| 24 - 15 | = \frac{9}{2} = 4\frac{1}{2}$

ত্রিভুজটির ক্ষেত্রফল $4\frac{1}{2}$ বর্গ একক।

1(d)ABC ত্রিভুজের বাহুগুলির মধ্যবিন্দু (1,2), (4, 4) এবং (2 , 8); ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর[প্র.ভ.প.'০১]

সমাধান ঃ



ধরি, ABC ত্রিভুজের বাহুগুলির মধ্যবিন্দু D(1, 2), E(4, 4) এবং F(2 , 8).

$\therefore \delta_{DEF} = (1 - 4)(4 - 8) - (2 - 4)(4 - 2)$

$= 12 + 4 = 16$

$\Delta DEF = \frac{1}{2}| 16 | = 8$

$\Delta ABC = 4 \times \Delta DEF = 4 \times 8 = 32$

ABC ত্রিভুজের ক্ষেত্রফল 32 বর্গ একক।

1(e) ABC ত্রিভুজের মধ্যমাগুলির মধ্যবিন্দু (1, 2), (4 , 4) এবং (2, 8); ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান ঃ ধরি, ABC ত্রিভুজের মধ্যমাগুলির মধ্যবিন্দু P(1, 2), Q(4, 4) এবং R(2 , 8).

$\Delta PQR = \frac{1}{2}\left|\begin{vmatrix} 1 & 4 & 2 & 1 \\ 2 & 4 & 8 & 2 \end{vmatrix}\right|$



$= \frac{1}{2}| 4 + 32 + 4 - (8 + 8 + 8)|$

$= \frac{1}{2}| 40 - 24 |$

$= \frac{1}{2}|32| = 16$

$\Delta ABC = 16 \times \Delta DEF = 16 \times 8 = 128$

ABC ত্রিভুজের ক্ষেত্রফল 128 বর্গ একক।

2. (a) কোন ত্রিভুজের শীর্ষত্রয়ের স্থানাঙ্ক (t + 1, 1), (2t + 1, 3), (2t + 2 , 2t) । ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। দেখাও যে, t = 2 অথবা t = –1/2 হলে, বিন্দুগুলো সমরেখ হবে। [কু. '১০; রা. '১০; ব.'১০]

সমাধান ঃ বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজটির ক্ষেত্রফল

$= \frac{1}{2}\left|\begin{vmatrix} t+1 & 2t+1 & 2t+2 & t+1 \\ 1 & 3 & 2t & 1 \end{vmatrix}\right|$

$\therefore$ Δ ABC এর ক্ষেত্রফল $=\frac{1}{2}|\delta_{ABC}|=\frac{3}{2}$ বর্গ একক

$\therefore$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{3}{2}$ বর্গ একক।

$$[\Delta=\frac{\begin{vmatrix}1&2&-5\\2&1&-7\\1&-1&1\end{vmatrix}^2}{2\begin{vmatrix}1&2\\2&1\end{vmatrix}\begin{vmatrix}2&1\\1&-1\end{vmatrix}\begin{vmatrix}1&2\\1&-1\end{vmatrix}}=\frac{9^2}{2\times27}=\frac{3}{2}]$$

9(b) দেখাও যে, $x=a$, $y=b$ এবং $y=mx$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{1}{2|m|}(b-ma)^2$ বর্গ একক। [য. '০৫; রা.'০৮; কু.'১২; ব.'১৩]

প্রমাণ ঃ ধরি, ABC ত্রিভুজের বাহু তিনটি,



$AB \equiv x = a \cdots (1)$,
$BC \equiv y = b \cdots (2)$,
$AC \equiv y = mx \cdots (3)$

(1) ও (3) এর ছেদবিন্দু , $A \equiv (a , ma)$

(1) ও (2) এর ছেদবিন্দু , $B \equiv (a , b)$

(2) ও (3) এর ছেদবিন্দু , $C \equiv (\frac{b}{m} , b)$

$$\delta_{ABC} = (a - a)(b - b) - (ma - b)(a - \frac{b}{m})$$

$$= -(ma - b)\ \frac{ma - b}{m} = -\frac{(b - ma)^2}{m}$$

প্রদত্ত রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2}\left| -\frac{(b - ma)^2}{m} \right| \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2|m|}(b - ma)^2 \text{ বর্গ একক।}$$ Showed)

10. (a) t এর যেকোন বাস্তব মানের জন্য P বিন্দুর স্থানাঙ্ক (t + 5 , 2t – 4) হলে, এর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। সঞ্চারপথটি অক্ষদ্বয় হতে যে অংশ ছেদ করে তা নির্ণয় কর।

সমাধান: P বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (x , y)

$t + 5 = x \Rightarrow t = x - 5 \cdots (1)$ এবং

$2t - 4 = y \Rightarrow 2(x - 5) - 4 = y$ [(1) দ্বারা]

$2x - y = 14$; যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

২য় অংশ ঃ $2x - y = 14 \Rightarrow \frac{x}{7} + \frac{y}{-14} = 1$

সঞ্চারপথটির x–অক্ষের খন্ডিতাংশ = 7 এবং y–অক্ষের খন্ডিতাংশ = –14.

(b) দেখাও যে, (–3, 6) বিন্দু হতে $x - 2y - 5 = 0$ রেখার উপর অঙ্কিত যেকোন রেখাংশকে $x - 2y + 5 = 0$ রেখাটি সমদ্বিখন্ডিত করে।

[সি.'০১; য.'০৫; ঢা.'০৯; চ.'১১; দি.'১২]

প্রমাণ : প্রদত্ত রেখাদ্বয়,

$x - 2y - 5 = 0$ (1) ও

$x - 2y + 5 = 0 \cdots (2)$

এবং বিন্দুটি P(–3,6)

(2) রেখার উপর $Q(\alpha, \beta)$



যেকোন একটি বিন্দু নেই। তাহলে, $\alpha - 2\beta - 5 = 0 \cdots (3)$

এখন ইহা প্রমাণ করা যথেষ্ট যে , PQ এর মধ্যবিন্দু $(\frac{-3+\alpha}{2}, \frac{6+\beta}{2})$, $x - 2y + 5 = 0$ রেখার উপর অবস্থিত। (3) হতে পাই, $y = b.$

(1) এর বামপক্ষ $= x - 2y + 5$

$$= \frac{-3+\alpha}{2} - 2\,\frac{6+\beta}{2} + 5$$

$$= \frac{1}{2}(\alpha - 3 - 12 - 2\beta + 10)$$

$$= \frac{1}{2}(\alpha - 2\beta - 5) = \frac{1}{2} \times 0 = 0 \quad [(3) \text{ দ্বারা}]$$

PQ এর মধ্যবিন্দু $x - 2y + 5 = 0$ রেখার উপর অবস্থিত।

10(c) মূলবিন্দু হতে কোন সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 5 একক এবং লম্বটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে 120° কোণ উৎপন্ন করে ; রেখাটির সমীকরণ নির্ণয় কর। **[মা.বো.'০৮]**

সমাধান: নির্ণেয় রেখার সমীকরণ

$x \cos 120° + y \sin 120° = 5$

$\Rightarrow x(-\frac{1}{2}) + y.\frac{\sqrt{3}}{2} = 5 \Rightarrow -x + \sqrt{3}\,y = 10$

$x - \sqrt{3}\,y + 10 = 0$ (Ans.)

11. (a) (2 , – 1) বিন্দুগামী একটি সরলরেখার ঢাল $-\frac{3}{4}$. এ রেখার উপর (2 , – 1) বিন্দু হতে 15 একক দূরে অবস্থিত দুইটি বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান ঃ মনে করি, রেখাটি x-অক্ষের সাথে α কোণ উৎপন্ন করে।

$$\tan\alpha = -\frac{3}{4}$$

$$\Rightarrow \sin\alpha = \frac{3}{5} \text{ এবং } \cos\alpha = -\frac{4}{5}$$

অথবা, $\sin\alpha = -\frac{3}{5}$ এবং $\cos\alpha = \frac{4}{5}$

(2 , – 1) বিন্দু হতে 15 একক দূরে অবস্থিত বিন্দুর স্থানাঙ্ক (x , y) হলে, $\frac{x-2}{\cos\alpha}=\frac{y+1}{\sin\alpha}=15$

$x - 2 = 15 \cos\alpha \Rightarrow x = 15 \cos\alpha + 2$

এবং $y + 1 = 15 \sin\alpha \Rightarrow y = 15 \sin\alpha - 1$

$\sin\alpha = \frac{3}{5}$ এবং $\cos\alpha = -\frac{4}{5}$ এর জন্য,

$x = 15 \times -\frac{4}{5} + 2 = -12 + 2 = -10$ এবং

$y = 15 \times \frac{3}{5} - 1 = 9 - 1 = 8$

$\sin\alpha = -\frac{3}{5}$ এবং $\cos\alpha = \frac{4}{5}$ এর জন্য,

$x = 12 + 2 = 14$ এবং $y = -9 - 1 = -10$

বিন্দু দুইটির স্থানাঙ্ক (–10, 8) ও (14 , –10)

11(b) (– 1,1) বিন্দুগামী একটি সরলরেখার ঢাল $\frac{5}{12}$. এ রেখার উপর (– 1 , 1) বিন্দু হতে 26 একক দূরে অবস্থিত দুইটি বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান : মনে করি, রেখাটি x-অক্ষের সাথে α কোণ উৎপন্ন করে।

$\tan\alpha = \frac{5}{12}$



$\Rightarrow \sin\alpha = \frac{5}{13}$ এবং $\cos\alpha = \frac{12}{13}$

অথবা, $\sin\alpha = -\frac{5}{13}$ এবং $\cos\alpha = -\frac{12}{13}$

(– 1 1) বিন্দু হতে 26 একক দূরে অবস্থিত বিন্দুর স্থানাঙ্ক (x , y) হলে, $\frac{x+1}{\cos\alpha}=\frac{y-1}{\sin\alpha}=26$

$x + 1 = 26 \cos\alpha \Rightarrow x = 26 \cos\alpha - 1$

এবং $y - 1 = 26 \sin\alpha \Rightarrow y = 26 \sin\alpha + 1$

$\sin\alpha = \frac{5}{13}$ এবং $\cos\alpha = \frac{12}{13}$ এর জন্য,

$x = 26 \times \frac{12}{13} - 1 = 24 - 1 = 23$ এবং

$y = 26 \times \frac{5}{13} + 1 = 10 + 1 = 11$

$\sin\alpha = -\frac{5}{13}$ এবং $\cos\alpha = -\frac{12}{13}$ এর জন্য,

$x = -24 - 1 = -25$ এবং $y = -10 + 1 = -9$

দুইটি বিন্দুর স্থানাঙ্ক (23, 11) ও (–25 , –9)

(c) A (3 , – $\frac{7}{2}$) বিন্দুগামী একটি সরলরেখার ঢাল $\frac{5}{12}$. রেখাটির উপরস্থ P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর যেন AP = $\frac{13}{2}$ হয়।

সমাধান : মনে করি, রেখাটি x-অক্ষের সাথে α কোণ উৎপন্ন করে।

$\tan\alpha = \frac{5}{12}$



$\Rightarrow \sin\alpha = \frac{5}{13}$ এবং $\cos\alpha = \frac{12}{13}$

অথবা, $\sin\alpha = -\frac{5}{13}$ এবং $\cos\alpha = -\frac{12}{13}$

A(3 , – $\frac{7}{2}$) বিন্দু হতে AP = $\frac{13}{2}$ একক দূরে অবস্থিত P বিন্দুর স্থানাঙ্ক (x y) হলে,

$\frac{x-3}{\cos\alpha}=\frac{y+7/2}{\sin\alpha}=\frac{13}{2}$

$x - 3 = \frac{13}{2}\cos\alpha \Rightarrow x = \frac{13}{2}\cos\alpha + 3$

এবং $y + \frac{7}{2} = \frac{13}{2}\sin\alpha \Rightarrow y = \frac{13}{2}\sin\alpha - \frac{7}{2}$

$\sin\alpha = \frac{5}{13}$ এবং $\cos\alpha = \frac{12}{13}$ এর জন্য,

$x = \frac{13}{2} \times \frac{12}{13} + 3 = 6 + 3 = 9$ এবং

$y = \frac{13}{2} \times \frac{5}{13} - \frac{7}{2} = \frac{5}{2} - \frac{7}{2} = -1$

$\sin\alpha = -\frac{5}{13}$ এবং $\cos\alpha = -\frac{12}{13}$ এর জন্য, $x = -6 + 3 = -3$ এবং $y = -\frac{5}{2} - \frac{7}{2} = -6$

বিন্দু দুইটির স্থানাঙ্ক (9, – 1) ও (–3 , – 6)

কাজ:

১. মূলবিন্দুগামী একটি রেখার সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $135°$ কোণ উৎপন্ন করে।

সমাধান : নির্ণেয় রেখার ঢাল, $m = \tan 135°$

$= \tan(180°-45°) = -\tan 45° = -1$

নির্ণেয় রেখার সমীকরণ, $y = mx \Rightarrow y = -x$

$x + y = 0$ (Ans.)

২. সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা y-অক্ষের সাথে $30°$ কোণ উৎপন্ন করে এবং y-অক্ষের ধনাত্মক দিক হতে 5 একক অংশ ছেদ করে।

সমাধান: নির্ণেয় রেখার ঢাল, $m = \cot(\pm 30°)$

$= \pm\cot 30° = \pm\sqrt{3}$ এবং y-অক্ষের ছেদক অংশ, $c = 5$ একক।

নির্ণেয় রেখার সমীকরণ, $y = mx + c$

$\Rightarrow y = \pm\sqrt{3}x + 5$ (Ans.)

3. একটি সরলরেখা $(6, -1)$ বিন্দু দিয়ে যায় এবং যার দ্বারা অক্ষদ্বয়ের খন্ডিত অংশের গুণফল 1 তার সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \cdots (1)$

প্রশ্নমতে, $ab = 1 \Rightarrow b = \frac{1}{a} \cdots \quad (2)$

(1) রেখাটি $(6, -1)$ বিন্দুগামী।

$\frac{6}{a} + \frac{-1}{b} = 1 \Rightarrow \frac{6}{a} - a = 1 \qquad [\ \frac{1}{b} = a]$

$\Rightarrow 6 - a^2 = a \Rightarrow a^2 + a - 6 = 0$

$\Rightarrow (a+3)(a-2) = 0 \therefore a = 2$ অথবা, $a = -3$

$b = \frac{1}{2}$ অথবা, $b = -\frac{1}{3}$

রেখাটির সমীকরণ, $\frac{x}{2} + 2y = 1 \Rightarrow x + 4y = 2$

অথবা, $\frac{x}{-3} - 3y = 1 \Rightarrow x + 9y + 3 = 0$

4. একটি সরলরেখা দ্বারা অক্ষদ্বয়ের খন্ডিত অংশের সমষ্টি ও অন্তরফল যথাক্রমে 9 ও 5 তার সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \cdots (1)$

প্রশ্নমতে, $a + b = 9 \Rightarrow b = 9 - a \qquad (2)$

এবং $|a - b| = 5 \Rightarrow a - b = \pm 5$

$\Rightarrow a - 9 + a = \pm 5 \qquad$ [(2) দ্বারা]

$\Rightarrow 2a = 12$ বা, $4 \therefore a = 6$ বা, 2

(2) হতে পাই, $b = 9 - 6 = 3$, যখন $a = 6$

$b = 9 - 2 = 7$, যখন $a = 2$

রেখাটির সমীকরণ $\frac{x}{6} + \frac{y}{3} = 1 \Rightarrow x + 2y = 6$

অথবা, $\frac{x}{2} + \frac{y}{7} = 1 \Rightarrow 7x + 2y = 14$

5. যে সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিত অংশ $(2, 3)$ বিন্দুতে সমদ্বিখন্ডিত হয় তার সমীকরণ নির্ণয় কর। [কু.'০০]

সমাধান: ধরি, রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \qquad (1)$

(1) রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিত অংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{a}{2}, \frac{b}{2})$.

প্রশ্নমতে, $\frac{a}{2} = 2 \Rightarrow a = 4$ এবং $\frac{b}{2} = 3 \Rightarrow b = 6$

$\therefore$ রেখাটির সমীকরণ, $\frac{x}{4} + \frac{y}{6} = 1 \Rightarrow 3x + 2y = 12$

[MCQ এর জন্য, রেখাটির সমীকরণ $\frac{x}{2\times 2} + \frac{y}{2\times 3} = 1$]

6. (b) $2x + y = 3$ ও $3x - 5y = -4$ রেখাদ্বয় x-অক্ষের সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।



সমাধান: x-অক্ষের সমীকরণ, $y = 0$

মনে করি, ABC ত্রিভুজের বাহু তিনটি,

$AB \equiv 2x + y - 3 = 0 \cdots (1)$,

$AC \equiv 3x - 5y + 4 = 0 \cdots (2)$

$BC \equiv y = 0 \cdots (3)$,

(1) ও (2) এর ছেদবিন্দু,

$A \equiv (\frac{4-15}{-10-3}, \frac{-9-8}{-10-3}) = (\frac{11}{13}, \frac{17}{13})$

(1) ও (3) এর ছেদবিন্দু , $B \equiv (\frac{3}{2}, 0)$

(2) ও (3) এর ছেদবিন্দু, $C \equiv (-\frac{4}{3}, 0)$

$$\delta_{ABC} = \begin{vmatrix} 11/13 & 17/13 & 1 \\ 3/2 & 0 & 1 \\ -4/3 & 0 & 1 \end{vmatrix}$$

$$= -\frac{17}{13}(\frac{3}{2} + \frac{4}{3}) = -\frac{17}{13} \times \frac{17}{6} = -\frac{289}{78}$$

$\therefore \Delta$ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\left|-\frac{289}{78}\right|$ বর্গ একক

$= \frac{289}{156}$ বর্গ একক (Ans.)

7. একটি ত্রিভুজের বাহুত্রয়ের সমীকরণ $x + 2y = 4$, $2x - y = 3$ ও $x - y + 2 = 0$. প্রমাণ কর যে, ত্রিভুজটি সমকোণী এবং এর ক্ষেত্রফল $7\frac{1}{2}$ বর্গ একক।

সমাধান: মনে করি, ABC ত্রিভুজের বাহু তিনটি,

$AB \equiv x + 2y - 4 = 0 \cdots (1)$,

$BC \equiv 2x - y - 3 = 0 \cdots (2)$,

$CA \equiv x - y + 2 = 0 \cdots (3)$



(1) ও (3) এর ছেদবিন্দু ,

$A \equiv (\frac{4-4}{-1-2}, \frac{-4-2}{-1-2}) = (0, 2)$

(1) ও (2) এর ছেদবিন্দু,

$B \equiv (\frac{-6-4}{-1-4}, \frac{-8+3}{-1-4}) = (2, 1)$

(2) ও (3) এর ছেদবিন্দু,

$C \equiv (\frac{-2-3}{-2+1}, \frac{-3-4}{-2+1}) = (5, 7)$

এখন, $AB = \sqrt{2^2 + 1^2} = \sqrt{5}$

$BC = \sqrt{3^2 + 6^2} = \sqrt{9 + 36} = 3\sqrt{5}$

$CA = \sqrt{5^2 + 5^2} = \sqrt{25 + 25} = 5\sqrt{2}$

AB, BC, CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং $AB^2 + BC^2 = 5 + 45 = 50 = CA^2$ অতএব, ABC ত্রিভুজটি সমকোণী যার $\angle B = 90^0$.

২য় অংশ : ত্রিভুজটি ক্ষেত্রফল $= \frac{1}{2}(AB \times BC)$

$= \frac{1}{2}(\sqrt{5} \times 3\sqrt{5})$ বর্গ একক $= 7\frac{1}{2}$ বর্গ একক

$$[\ \Delta = \left|\frac{\{-4(-2+1) + 3(-1-2) + 2(-1-4)\}^2}{2(-2+1)(-1-2)(-1-4)}\right|$$

$$= \left|\frac{(4-9-10)^2}{2(-1)(-3)(-5)}\right| = \frac{15}{2}\ ]$$

8. দেখাও যে, $2x + 7y = 14$ ও $2x - 7y = 14$ রেখাদ্বয় y-অক্ষের সাথে সমদ্বিবাহু ত্রিভুজ গঠন করে।

সমাধান: y-অক্ষের সমীকরণ , $x = 0$

মনে করি, ABC ত্রিভুজের বাহু তিনটি,

$AC \equiv 2x + 7y - 14 = 0 \cdots (1)$,

$BC \equiv 2x - 7y - 14 = 0 \cdots (2)$

$AB \equiv x = 0 \cdots (3)$,



(1) ও (3) এর ছেদবিন্দু , $A \equiv (0, 2)$

(2) ও (3) এর ছেদবিন্দু , $B \equiv (0, -2)$

$(1) + (2) \Rightarrow 4x = 28 \Rightarrow x = 7$

$(1) \Rightarrow 14 + 7y - 14 = 0 \Rightarrow y = 0$

$\therefore$ (1) ও (2) এর ছেদবিন্দু, $C \equiv (7, 0)$

এখন, $AB = \sqrt{2^2 + 2^2} = 2\sqrt{2}$

$BC = \sqrt{2^2 + 7^2} = \sqrt{4 + 49} = \sqrt{53}$

$CA = \sqrt{7^2 + 2^2} = \sqrt{49 + 4} = \sqrt{53}$

AB, BC, CA এর যেকোন দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং $BC = \sqrt{53} = CA$

প্রদত্ত রেখাদ্বয় y-অক্ষের সাথে সমদ্বিবাহু ত্রিভুজ গঠন করে।

প্রশ্নমালা III F

1. k এর যেকোন অশূন্য মানের জন্য $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ $a_1x+b_1y+c_1+k(a_2x+b_2y+c_2)=0$.

2. (α,β) এবং $f(x,y)\equiv a_1x+b_1y+c_1=0$ ও $g(x,y)\equiv a_2x+b_2y+c_2=0$ রেখার ছেদবিন্দুগামী রেখার সমীকরণ, $\dfrac{f(x,y)}{f(\alpha,\beta)}=\dfrac{g(x,y)}{g(\alpha,\beta)}$

i.e., $\dfrac{a_1x+b_1y+c_1}{a_1\alpha+b_1\beta+c_1}=\dfrac{a_2x+b_2y+c_2}{a_2\alpha+b_2\beta+c_2}$

3. $y=m_1x+c_1$ ও $y=m_2x+c_2$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ, $\varphi=\pm\tan^{-1}\dfrac{m_1-m_2}{1+m_1m_2}$.

4. $y=m_1x+c_1$, $y=m_2x+c_2$ রেখাদ্বয় সমান্তরাল হলে, $m_1=m_2$ এবং $a_1x+b_1y+c_1=0$, $a_2x+b_2y+c_2=0$ রেখাদ্বয় সমান্তরাল হলে, $\dfrac{a_1}{a_2}=\dfrac{b_1}{b_2}$.

$ax+by+c=0$ রেখার সমান্তরাল যেকোণ রেখার সমীকরণ $ax+by+k=0$; যেখানে k একটি ধ্রুবক

5. $ax+by+c=0$ রেখার সমান্তরাল এবং (α,β) বিন্দুগামী রেখার সমীকরণ, $ax+by=a\alpha+b\beta$.

6. $y=m_1x+c_1$, $y=m_2x+c_2$ রেখাদ্বয় লম্ব হলে, $m_1m_2=-1$ এবং $a_1x+b_1y+c_1=0$, $a_2x+b_2y+c_2=0$ রেখাদ্বয় লম্ব হলে, $a_1a_2+b_1b_2=0$. $ax+by+c=0$ রেখার লম্ব যেকোন রেখার সমীকরণ $bx-ay+k=0$; যেখানে k একটি ধ্রুবক।

7. $ax+by+c=0$ রেখার লম্ব এবং (α,β) বিন্দুগামী রেখার সমীকরণ, $bx-ay=b\alpha-a\beta$.

8. $a_1x+b_1y+c_1=0$, $a_2x+b_2y+c_2=0$ ও $a_3x+b_3y+c_3=0$ রেখাত্রয় সমবিন্দু হলে,

$$\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}=0$$

9.(a) $P(x_1,y_1)$ বিন্দুর সাপেক্ষে $A(h,k)$ বিন্দুর প্রতিবিম্ব $(2x_1-h, 2y_2-k)$.

(b) (x,y) বিন্দুর প্রতিবিম্ব x-অক্ষের সাপেক্ষে $(x,-y)$ এবং y-অক্ষের সাপেক্ষে $(-x,y)$.

(c) $y=mx+c$ রেখার সাপেক্ষে $y=m_1x+c_1$ রেখার প্রতিবিম্ব $y=m_2x+c_2$ হবে, যদি $\dfrac{m_1-m}{1+m_1m}=\dfrac{m-m_2}{1+mm_2}$ হয়।



(d) x এবং y-অক্ষের সাপেক্ষে $ax+by+c=0$ রেখার প্রতিবিম্ব যথাক্রমে $ax-by+c=0$ এবং $-ax+by+c=0$.

MCQ এর জন্য বিশেষ সূত্র ঃ

1. (x_1,y_1) ও (x_2,y_2) বিন্দুগামী রেখার সমীকরণ $(y_1-y_2)x-(x_1-x_2)y=(y_1-y_2)x_1-(x_1-x_2)y_1$

2. (x_1,y_1) ও (x_2,y_2) বিন্দুগামী রেখার সমান্তরাল এবং (x_3,y_3) বিন্দুগামী রেখার সমীকরণ $(y_1-y_2)x-(x_1-x_2)y=(y_1-y_2)x_3-(x_1-x_2)y_3$

3. (x_1,y_1) ও (x_2,y_2) বিন্দুগামী রেখার লম্ব এবং (x_3,y_3) বিন্দুগামী রেখার সমীকরণ $(x_1-x_2)x+(y_1-y_2)y=(x_1-x_2)x_3+(y_1-y_2)y_3$

4. (x_1,y_1) ও (x_2,y_2) বিন্দুগামী রেখার লম্ব সমদ্বিখণ্ডকের সমীকরণ $(x_1-x_2)x+(y_1-y_2)y=\dfrac{1}{2}(x_1^2+y_1^2-x_2^2-y_2^2)$

5. $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং m ঢাল বিশিষ্ট রেখার সমীকরণ, $(a_2+mb_2)(a_1x+b_1y+c_1)-$

$(a_1 + mb_1)(a_2x + b_2y + c_2) = 0$

6. x-অক্ষের সমান্তরাল ও $f(x) \equiv a_1x + b_1y + c_1 = 0$ ও $g(x) \equiv a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ, $a_2 f(x) - a_1 g(x) = 0$

y-অক্ষের সমান্তরাল ও $f(x) \equiv a_1x + b_1y + c_1 = 0$ ও $g(x) \equiv a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ, $b_2 f(x) - b_1 g(x) = 0$

7. অক্ষদ্বয় হতে সমান সংখ্যামানের অংশ ছেদ করে এবং $f(x) \equiv a_1x + b_1y + c_1 = 0$ ও $g(x) \equiv a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ $(a_2 - b_2)f(x) - (a_1 - b_1)g(x) = 0$ এবং $(a_2 + b_2) f(x) - (a_1 + b_1) g(x) = 0.$

8. (x_1, y_1) বিন্দুগামী এবং m_1 ঢাল বিশিষ্ট রেখার সাথে θ $(m_2 = \tan\theta)$ কোণ উৎপন্ন করলে রেখা দুইটির সমীকরণ, $(m_1 - m_2)x - (1 + m_1m_2)y = (m_1 - m_2)x_1 - (1 + m_1m_2)y_1$ এবং $(m_1 + m_2)x - (1 - m_1m_2)y = (m_1 + m_2)x_1 - (1 - m_1m_2)y_1$

9. $ax + by + c = 0$ রেখার সাপেক্ষে (x_1, y_1) বিন্দুর প্রতিবিম্ব $\left(x_1 - \frac{2a(ax_1 + by_1 + c)}{a^2 + b^2}, y_1 - \frac{2b(ax_1 + by_1 + c)}{a^2 + b^2}\right)$

10. $f(x) \equiv ax + by + c = 0$ রেখার সাপেক্ষে $g(x) \equiv a_1x + b_1y + c_1 = 0$ রেখার প্রতিবিম্ব

$$(a^2 + b^2) g(x) - 2(aa_1 + bb_1)f(x) = 0$$

প্রশ্নমালা – III F

1.(a) মূলবিন্দু এবং $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ ও $\frac{x}{b} + \frac{y}{a} = 1$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [চ.'০৫,'০৭]

সমাধান: ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} - 1 + k\left(\frac{x}{b} + \frac{y}{a} - 1\right) = 0$, $k \neq 0$

রেখাটি মূলবিন্দু (0, 0) দিয়ে অতিক্রম করলে,

$\frac{0}{a} + \frac{0}{b} - 1 + k\left(\frac{0}{b} + \frac{0}{a} - 1\right) = 0 \Rightarrow k = -1$

$\therefore$ নির্ণেয় রেখার সমীকরণ,

$$\frac{x}{a} + \frac{y}{b} - 1 - \frac{x}{b} - \frac{y}{a} + 1 = 0$$

$\Rightarrow bx + ay - ax - by = 0$

$\Rightarrow (b - a)x - (b - a)y = 0$

$x - y = 0$ (Ans.)

1(b) দেখাও যে, k এর সব মানের জন্য একগুচ্ছ সরলরেখা $(3 + 2k)x + 5ky - 3 = 0$ একটি নির্দিষ্ট বিন্দুগামী। বিন্দুটির স্থানাঙ্ক নির্ণয় কর। [রা.'০৩]

প্রমাণ : $(3 + 2k)x + 5ky - 3 = 0$

$\Rightarrow 3x + 2kx + 5ky - 3 = 0$

$\Rightarrow 3x - 3 + k(2x + 5y) = 0$. এ রেখাটি k এর বিভিন্ন মানের জন্য একগুচ্ছ সরলরেখা সূচিত করে যারা সকলেই $3x - 3 = 0 \cdots (1)$ এবং $2x + 5y \cdots (2)$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী ।

(1) হতে পাই, $3x = 3 \Rightarrow x = 1$. আবার, $x = 1$ হলে, (2) হতে পাই, $2 + 5y = 0 \Rightarrow y = -\frac{2}{5}$.

নির্ণেয় নির্দিষ্ট বিন্দুটির স্থানাঙ্ক $(1, -\frac{2}{5})$

2(a) $x - 2y - 1 = 0$ ও $2x + 3y + 2 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং $\tan 45°$ ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [কু.'০৮,'০৯]

সমাধান : ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখাটির সমীকরণ $x - 2y - 1 + k(2x + 3y + 2) = 0$

$\Rightarrow (1 + 2k)x + (3k - 2)y + 2k - 1 = 0 \cdots (1)$

(1) রেখাটির ঢাল $= -\frac{1 + 2k}{3k - 2}$

প্রশ্নমতে, $-\frac{1 + 2k}{3k - 2} = \tan 45° = 1$

$\Rightarrow 3k - 2 = -1 - 2k \Rightarrow 5k = 1 \Rightarrow k = \frac{1}{5}$

নির্ণেয় রেখার সমীকরণ

$$x - 2y - 1 + \frac{1}{5}(2x + 3y + 2) = 0$$

$\Rightarrow 5x - 10y - 5 + 2x + 3y + 2 = 0$

$\Rightarrow 7x - 7y - 3 = 0$ (Ans.)

বিকল্প পদ্ধতি : $x - 2y - 1 = 0$ ও $2x + 3y + 2 = 0$ রেখা দুইটির ছেদবিন্দু $(\frac{-4+3}{3+4}, \frac{-2-2}{3+4})$ অর্থাৎ $(-\frac{1}{7}, -\frac{4}{7})$

$(-\frac{1}{7}, -\frac{4}{7})$ বিন্দুগামী এবং $\tan 45° = 1$ ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ $y + \frac{4}{7} = 1.(x + \frac{1}{7})$

$\Rightarrow 7y + 4 = 7x + 1 \therefore 7x - 7y - 3 = 0$

[MCQ এর জন্য, $(2 + 1.3)(x - 2y - 1) - (1 + 1\times -2)(2x + 3y + 2) = 0 \Rightarrow 5x - 10y - 5 + 2x + 3y + 2 = 0 \Rightarrow 7x - 7y - 3 = 0$]

2(b) $5x - 9y + 13 = 0$ ও $9x - 5y + 11 = 0$ রেখাদ্বয়ের ছেদ বিন্দু দিয়ে যায় এবং x-অক্ষের সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [মা.বো.'০৪; ঢা.'১২]

সমাধান : নির্ণেয় রেখার ঢাল $= \tan(\pm 45^0) = \pm 1$

$5x - 9y + 13 = 0$ ও

$9x - 5y + 11 = 0$ রেখা দুইটির ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{-99+65}{-25+81}, \frac{117-55}{-25+81})$

$= (-\frac{34}{56}, \frac{62}{56}) = (-\frac{17}{28}, \frac{31}{28})$

$(-\frac{17}{28}, \frac{31}{28})$ বিন্দুগামী এবং ± 1 ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ $y - \frac{31}{28} = \pm 1.(x + \frac{17}{28})$

$\Rightarrow 28y - 31 = \pm(28x + 17)$

'+' নিয়ে পাই, $28x - 28y + 48 = 0$

$7x - 7y + 12 = 0$

আবার, '–' নিয়ে পাই, $28x + 28y - 14 = 0$

$\therefore 2x + 2y - 1 = 0$

উত্তর ঃ $7x - 7y + 12 = 0$ বা, $2x + 2y - 1 = 0$

2(c) মূলবিন্দু এবং $4x + 3y - 8 = 0$ ও $x + y = 1$ রেখা দুইটির ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

সমাধান ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখাটির সমীকরণ $4x + 3y - 8 + k(x + y - 1) = 0$

$\Rightarrow (4 + k)x + (3 + k)y - 8 - k = 0 \cdots$ (i)

(i) রেখাটি মূলবিন্দু (0, 0) দিয়ে অতিক্রম করে।

$(4 + k)\times 0 + (3 + k)\times 0 - 8 - k = 0$

$\Rightarrow k = -8$

নির্ণেয় রেখার সমীকরণ,

$(4 - 8)x + (3 - 8)y - 8 + 8 = 0$

$\Rightarrow 4x + 5y = 0$ (Ans.)

3. (a) দুইটি সরলরেখা (6 , 7) বিন্দু দিয়ে যায় এবং তারা $3x + 4y = 11$ রেখার সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর। [রা.'১১,'১৩; দি'০৯; চ.'১১; ব.'১৩]

সমাধান : ধরি, (6 , 7) বিন্দুগামী রেখার সমীকরণ

$y - 7 = m(x - 6) \cdots (1)$

$3x + 4y = 11$ রেখার ঢাল $= -\frac{3}{4}$

প্রশ্নমতে, $\tan 45° = \pm \frac{m + \frac{3}{4}}{1 - \frac{3}{4}m}$

$\Rightarrow 1 = \pm \frac{4m + 3}{4 - 3m} \Rightarrow 4 - 3m = \pm(4m + 3)$

'+' নিয়ে, $4 - 3m = 4m + 3 \Rightarrow m = \frac{1}{7}$

'–' নিয়ে $4 - 3m = -4m - 3 \Rightarrow m = -7$

রেখা দুইটির সমীকরণ, $y - 7 = \frac{1}{7}(x - 6)$

$\Rightarrow 7y - 49 = x - 6 \Rightarrow x - 7y + 43 = 0$

এবং $y - 7 = -7(x - 6) \Rightarrow y - 7 = -7x + 42$

$\Rightarrow 7x + y - 49 = 0$

[MCQ এর জন্য,

$(-\frac{3}{4} - 1)x - (1 - \frac{3}{4})y = -\frac{7}{4}.6 - \frac{1}{4}.7,$

$(-\frac{3}{4} + 1)x - (1 + \frac{3}{4})y = \frac{1}{4}.6 - \frac{7}{4}.7$]

3.(b) দুইটি সরলরেখা (3, 2) বিন্দু দিয়ে যায় এবং তারা [কু.'১১] $x - 2y = 3$ রেখার সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর। [য.'০৮]

সমাধান : ধরি, (3 , 2) বিন্দুগামী রেখার সমীকরণ

$y - 2 = m(x - 3) \cdots (1)$

$x - 2y = 3$ রেখার ঢাল $= \frac{1}{2}$

প্রশ্নমতে, $\tan 45° = \pm \dfrac{m - \frac{1}{2}}{1 + \frac{1}{2}m}$

$\Rightarrow 1 = \pm \dfrac{2m-1}{2+m} \Rightarrow 2 + m = \pm(2m - 1)$

'+' নিয়ে, $2 + m = 2m - 1 \Rightarrow m = 3$

'–' নিয়ে $2 + m = -2m + 1 \Rightarrow m = -\frac{1}{3}$

রেখা দুইটির সমীকরণ, $y - 2 = 3(x - 3)$

$\Rightarrow y - 2 = 3x - 9 \Rightarrow 3x - y = 7$

এবং $y - 2 = -\frac{1}{3}(x - 3) \Rightarrow 3y - 6 = -x + 3$

$\Rightarrow x + 3y = 9$

3 (c) দুইটি সরলরেখা (– 1, 2) বিন্দু দিয়ে যায় এবং তারা $3x - y + 7 = 0$ রেখার সঙ্গে 45° কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর এবং তাদের সমীকরণ হতে দেখাও যে, তারা পরস্পর লম্বভাবে অবস্থান করে। [রা.'১০; ব.'১১; সি.'০৭,'১২,'১৪; মা.'০৯; য.'১১,'১৪; য.,দি.'১৩]

সমাধান : ধরি, (– 1, 2) বিন্দুগামী রেখার সমীকরণ

$y - 2 = m(x + 1) \cdots (1)$

$3x - y + 7 = 0$ রেখার ঢাল $= 3$

প্রশ্নমতে, $\tan 45° = \pm \dfrac{m-3}{1+3m}$

$\Rightarrow 1 = \pm \dfrac{m-3}{1+3m} \Rightarrow 1 + 3m = \pm(m - 3)$

'+' নিয়ে, $2m = -4 \Rightarrow m = -2$

'–' নিয়ে $4m = 2 \Rightarrow m = \frac{1}{2}$

রেখা দুইটির সমীকরণ, $y - 2 = -2(x + 1)$

$\Rightarrow y - 2 = -2x - 2 \Rightarrow 2x + y = 0$ (Ans.)

এবং $y - 2 = \frac{1}{2}(x + 1) \Rightarrow 2y - 4 = x + 1$

$\Rightarrow x - 2y + 5 = 0$ (Ans.)

এখন, রেখা দুইটির ঢালদ্বয়ের গুণফল $= -2.\frac{1}{2} = -1$

রেখা দুইটি পরস্পর লম্বভাবে অবস্থান করে।

3(d) দুইটি সরলরেখা (6, – 7) বিন্দু দিয়ে যায় এবং তারা $y + \sqrt{3}x = 1$ রেখার সঙ্গে 60° কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর। [ঢা.'০৫; দি.'০৯; কু.'১১]

সমাধান : ধরি, (6, –7) বিন্দুগামী রেখার সমীকরণ

$y + 7 = m(x - 6) \cdots (1)$

$y + \sqrt{3}x = 1$ রেখার ঢাল $= -\sqrt{3}$

প্রশ্নমতে, $\tan 60° = \pm \dfrac{m+\sqrt{3}}{1-\sqrt{3}m}$

$\Rightarrow \sqrt{3} = \pm \dfrac{m+\sqrt{3}}{1-\sqrt{3}m}$

$\Rightarrow \sqrt{3} - 3m = \pm(m + \sqrt{3})$

'+' নিয়ে, $\sqrt{3} - 3m = m + \sqrt{3} \Rightarrow m = 0$

'–' নিয়ে $\sqrt{3} - 3m = -m - \sqrt{3}$

$\Rightarrow 2m = 2\sqrt{3} \Rightarrow m = \sqrt{3}$

রেখা দুইটির সমীকরণ, $y + 7 = 0(x - 6)$

$\Rightarrow y + 7 = 0$ (Ans.)

এবং $y + 7 = \sqrt{3}(x - 6)$ (Ans.)

3(e) দুইটি সরলরেখা মূলবিন্দু দিয়ে যায় এবং তারা $3y = 2x$ রেখার সঙ্গে $\tan^{-1}\frac{1}{2}$ কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর। [ব.'১১]

সমাধান : ধরি, মূলবিন্দু (0 , 0) দিয়ে যায় এরূপ রেখার সমীকরণ $y = mx \cdots (1)$

$3y = 2x$ রেখার ঢাল $= \frac{2}{3}$

প্রশ্নমতে, $\tan \tan^{-1}\frac{1}{2} = \pm \dfrac{m - \frac{2}{3}}{1 + \frac{2}{3}m}$

$\Rightarrow \frac{1}{2} = \pm \dfrac{3m-2}{3+2m}$

$\Rightarrow 3 + 2m = \pm(6m - 4)$

'+' নিয়ে, $3 + 2m = 6m - 4$

$\Rightarrow 4m = 7 \Rightarrow m = \frac{7}{4}$

'–' নিয়ে, $3 + 2m = -6m + 4$

$\Rightarrow 8m = 1 \Rightarrow m = \frac{1}{8}$

রেখা দুইটির সমীকরণ, $y = \frac{7}{4}x \Rightarrow 7x = 4y$

এবং $y = \frac{1}{8}x \Rightarrow x = 8y$

4(a) (4, – 3) বিন্দুগামী এবং $2x + 11y - 2 = 0$ রেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [সি.'০৬; মা.'০৪,'০৬]

সমাধান : ধরি, $2x + 11y - 2 = 0$ এর সমান্তরাল নির্ণেয় রেখার সমীকরণ $2x + 11y + k = 0 \cdots (1)$

প্রশ্নমতে (1) রেখাটি (4 , – 3) বিন্দুগামী ।

$2\times4 + 11\times-3 + k = 0 \Rightarrow k = 25$

নির্ণেয় রেখার সমীকরণ $2x + 11y + 25 = 0$

[MCQ এর জন্য, $2x + 11y = 2\times4 + 11\times-3 = -25$]

4(b) (1 , 2) বিন্দুগামী এবং $3x - 4y + 8 = 0$ রেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [কু.'০৪]

সমাধান : $3x - 4y + 8 = 0$ রেখার ঢাল $= \frac{3}{4}$

(1 , 2) বিন্দুগামী এবং $3x - 4y + 8 = 0$ রেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ,

$y - 2 = \frac{3}{4}(x - 1) \Rightarrow 4y - 8 = 3x - 3$

$3x - 4y + 5 = 0$

4(c) y-অক্ষের সমান্তরাল এবং $2x - 3y + 4 = 0$ ও $3x + 3y - 5 = 0$ রেখা দুইটির ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[চ.'০৪; ব.'০৪; মা.বো.'০৭; ব.'১০; দি.'১৪]

সমাধান : ধরি, প্রদত্ত রেখা দুইটির ছেদবিন্দুগামী রেখার সমীকরণ $2x - 3y + 4 + k(3x + 3y - 5) = 0$

$\Rightarrow (2 + 3k)x + (-3 + 3k)y + 4 - 5k = 0$

এ রেখাটি y-অক্ষের সমান্তরাল বলে, y-এর সহগ $-3 + 3k = 0 \Rightarrow k = 1$

নির্ণেয় রেখার সমীকরণ, $(2 + 3)x + 4 - 5 = 0$

$5x - 1 = 0$ (Ans.)

[MCQ এর জন্য, $3(2x - 3y + 4) - (-3)(3x + 3y - 5) = 0$]

4 (d) x- অক্ষের সমান্তরাল এবং $x - 3y + 2 = 0$ ও $x + y - 2 = 0$ রেখা দুইটির ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [ব. '০১; কু. '০৭]

সমাধান : ধরি, প্রদত্ত রেখা দুইটির ছেদবিন্দুগামী রেখার সমীকরণ $x - 3y + 2 + k(x + y - 2) = 0$

$\Rightarrow (1 + k)x + (-3 + k)y + 2 - 2k = 0$

এ রেখাটি x-অক্ষের সমান্তরাল বলে, x-এর সহগ $1 + k = 0 \Rightarrow k = -1$

নির্ণেয় রেখার সমীকরণ, $-4y + 2 + 2 = 0$

$y - 1 = 0$ (Ans.)

[MCQ এর জন্য, $1(x-3y+2) - 1(x + y - 2) = 0$]

5. (a) দুইটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যারা $7x + 13y - 87 = 0$ ও $5x - 8y + 7 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং অক্ষ দুইটি হতে সমান সংখ্যামানের অংশ ছেদ করে। [চ.'০৬; সি.'০৬; ব.'১৪]

সমাধান ধরি,প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ $7x + 13y - 87 + k(5x - 8y + 7) = 0$

$\Rightarrow (7 + 5k)x + (13 - 8k)y + 7k - 87 = 0$

ইহা অক্ষ দুইটি হতে সমান সংখ্যমানের অংশ ছেদ করলে x ও y এর সহগের সংখ্যমান সমান হবে।

$7 + 5k = \pm(13 - 8k)$

'+' নিয়ে, $13k = 6 \Rightarrow k = \frac{6}{13}$

'+' নিয়ে, $3k = 20 \Rightarrow k = \frac{20}{3}$

রেখা দুইটির সমীকরণ,

$7x + 13y - 87 + \frac{6}{13}(5x - 8y + 7) = 0$

$\Rightarrow 91x + 169y - 1131 + 30x - 48y + 42 = 0$

$\Rightarrow 121x + 121y - 1089 = 0 \Rightarrow x + y - 9 = 0$

এবং $7x + 13y - 87 + \frac{20}{3}(5x - 8y + 7) = 0$

$\Rightarrow 21x + 39y - 261 + 100x - 160y + 140 = 0$

$\Rightarrow 121x - 121y - 121 = 0 \Rightarrow x - y - 1 = 0$

[MCQ এর জন্য, $(5 + 8)(7x + 13y - 87) - (7 - 13)(5x - 8y + 7) = 0$ এবং $(5 - 8)(7x+13y-87) -(7 + 13)(5x - 8y + 7) = 0$]

(b) যদি $\frac{x}{a}+\frac{y}{b}=1$ সরলরেখাটি $2x - y = 1$ ও $3x - 4y + 6 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী হয় এবং $4x + 3y - 6 = 0$ রেখাটির সমান্তরাল হয়, তাহলে a ও b এর মান নির্ণয় কর। [ঢা.'১২; রা.'১৩]

সমাধান : $2x - y - 1 = 0$ ও

$3x - 4y + 6 = 0$ রেখা দুইটির ছেদবিন্দুর

স্থানাঙ্ক $= (\frac{-6-4}{-8+3}, \frac{-3-12}{-8+3}) = (2, 3)$

প্রশ্নমতে, $\frac{x}{a}+\frac{y}{b}=1$ রেখাটি $4x + 3y - 6 = 0$ রেখাটির সমান্তরাল এবং $(2, 3)$ বিন্দুগামী

$$\frac{1/a}{4}=\frac{1/b}{3} \Rightarrow 4a = 3b \Rightarrow a = \frac{3b}{4}$$

এবং $\frac{2}{a}+\frac{3}{b}=1 \Rightarrow \frac{8}{3b}+\frac{3}{b}=1 \Rightarrow \frac{8+9}{3b}=1$

$\Rightarrow b = \frac{17}{3} \quad a = \frac{3}{4}\times\frac{17}{3}=\frac{17}{4}$

উত্তর ঃ $a = \frac{17}{4}, b = \frac{17}{3}$

5(c) $3x - 4y + 1 = 0$ ও $5x + y - 1 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু দিয়ে যায় এবং অক্ষদ্বয় হতে একই চিহ্নবিশিষ্ট সমান সমান অংশ ছেদ করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [রা.'০২]

সমাধান ধরি, প্রদত্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখার সমীকরণ $3x - 4y + 1 + k(5x + y - 1) = 0$

$\Rightarrow (3 + 5k)x + (-4 + k)y + 1 - k = 0$

ইহা অক্ষ দুইটি হতে একই চিহ্নবিশিষ্ট সমান সমান অংশ ছেদ করলে x ও y এর সহগ সমান হবে।

$$3 + 5k = -4 + k \Rightarrow 4k = -7 \Rightarrow k = -\frac{7}{4}$$

নির্ণেয় রেখার সমীকরণ,

$$3x - 4y + 1 - \frac{7}{4}(5x + y - 1) = 0$$

$\Rightarrow 12x - 16y + 4 - 35x - 7y + 7 = 0$

$\Rightarrow -23x - 23y + 11 = 0$

$23x + 23y = 11$ (Ans.)

[MCQ এর জন্য,

$(5-1)(3x-4y+1)-(3+4)(5x+y-1)=0$]

5(d) A(1 , 1) , B(3 , 4) ও C(5 , – 2) বিন্দুগুলো ABC ত্রিভুজের শীর্ষবিন্দু । AB ও AC এর মধ্যবিন্দুর সংযোগ সরলরেখার সমীকরণ নির্ণয় কর। এবং দেখাও যে, সরলরেখাটি BC এর সমান্তরাল। [চ.,দি.'১০; ঢা.'১১]

সমাধান ধরি, AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে D ও E .

$$D \equiv (\frac{1+3}{2}, \frac{1+4}{2}) = (2, \frac{5}{2})$$ এবং

$$E \equiv (\frac{1+5}{2}, \frac{1-2}{2}) = (3, -\frac{1}{2})$$

DE রেখা অর্থাৎ AB ও AC এর মধ্যবিন্দুর

সংযোগ রেখার সমীকরণ $\frac{x-2}{2-3}=\frac{y-\frac{5}{2}}{\frac{5}{2}+\frac{1}{2}}$

$\Rightarrow \frac{x-2}{2-3}=\frac{2y-5}{5+1} \Rightarrow 6x - 12 = -2y + 5$

$6x + 2y = 17$ (Ans.)

২য় অংশ : $6x + 2y = 17$ রেখার ঢাল $= -\frac{6}{2} = -3$

এবং BC রেখার ঢাল $= \frac{4+2}{3-5} = \frac{6}{-2} = -3$ পরস্পর সমান। অতএব, রেখাটি BC এর সমান্তরাল।

6(a) (4,–3) বিন্দু দিয়ে যায় এবং $2x+11y-2=0$ রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [ব.'১২; কু.'১৪; মা.'১২,'১৪]

সমাধান : ধরি, $2x + 11y - 2 = 0$ এর উপর লম্ব নির্ণেয় রেখার সমীকরণ $11x - 2y + k = 0$ (1)

প্রশ্নমতে (1) রেখাটি $(4, -3)$ বিন্দুগামী ।

$11\times4 - 2\times-3 + k = 0 \Rightarrow k = -50$

নির্ণেয় রেখার সমীকরণ, $11x - 2y - 50 = 0$

[MCQ এর জন্য, $11x - 2y = 11\times4-2\times-3 = 50$]

(b) (2, –3) বিন্দু দিয়ে যায় এবং $2x - 3y = 7$ রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[কু.'০১; য.'০৭; মা.'০৩]

সমাধান : ধরি, $2x - 3y = 7$ এর উপর লম্ব নির্ণেয় রেখার সমীকরণ $3x + 2y + k = 0 \cdots (1)$

প্রশ্নমতে (1) রেখাটি $(2, -3)$ বিন্দুগামী ।

$$3\times2 + 2\times-3 + k = 0 \Rightarrow k = 0$$

নির্ণেয় রেখার সমীকরণ, $3x + 2y = 0$

6(c) (2, 5) বিন্দু দিয়ে যায় এবং $3x + 12y = 3$ রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[কু.'০৫; চ.'১৪]

সমাধান ধরি, $3x + 12y = 3$ এর উপর লম্ব নির্ণেয় রেখার সমীকরণ $12x - 3y + k = 0 \cdots (1)$

প্রশ্নমতে (1) রেখাটি $(2, 5)$ বিন্দুগামী ।

$$12\times2 - 3\times5 + k = 0 \Rightarrow k = -9$$

নির্ণেয় রেখার সমীকরণ, $12x - 3y - 9 = 0$

7.(a) মূলবিন্দু ও (x_1, y_1) বিন্দুর সংযোগ রেখা এবং $(b, 0)$ ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখা পরস্পর লম্ব হলে প্রমাণ কর যে, $x_1x_2 + y_1y_2 = bx_1$.

[চ.'০৩; রা.'০৪,'১৩; ব.'০৬; ঢা.'১৩]

প্রমাণ: ধরি, মূলবিন্দু ও (x_1, y_1) বিন্দুর সংযোগ রেখার ঢাল m_1 এবং $(b,0)$ ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল m_2

$$m_1 = \frac{y_1}{x_1} \text{ এবং } m_2 = \frac{y_2 - 0}{x_2 - b} = \frac{y_2}{x_2 - b}$$

প্রশ্নমতে, রেখাদ্বয় পরস্পর লম্ব ।

$$m_1 m_2 = -1 \Rightarrow \frac{y_1}{x_1} \times \frac{y_2}{x_2 - b} = -1$$

$$\Rightarrow y_1y_2 = x_1x_2 + bx_1$$

$$x_1x_2 + y_1y_2 = bx_1 \text{ (Proved)}$$

7.(b) (2, 3) বিন্দুগামী সরলরেখার উপর (x, y) যেকোন একটি বিন্দু এবং রেখাটি $(-1,2)$ ও $(-5, 4)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখার উপর লম্ব। প্রমাণ কর যে, $2x - y - 1 = 0$.

প্রমাণ: ধরি, (2, 3) বিন্দুগামী সরলরেখার ঢাল m_1 এবং $(-1,2)$ ও $(-5, 4)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল m_2.

$m_1 = \dfrac{y-3}{x-2}$ [(2, 3) বিন্দুগামী সরলরেখার উপর (x, y) যেকোন একটি বিন্দু ।]

এবং $m_2 = \dfrac{2-4}{-1+5} = \dfrac{-2}{4} = -\dfrac{1}{2}$

প্রশ্নমতে, রেখাদ্বয় পরস্পর লম্ব ।

$$\frac{y-3}{x-2} \times -\frac{1}{2} = -1 \Rightarrow -y + 3 = -2x + 4$$

$$2x - y - 1 = 0 \text{ (Proved)}$$

7(c) A(1, 1), B(3, 4) ও C(5, − 2) বিন্দুগুলো ABC ত্রিভুজের শীর্ষবিন্দু । A বিন্দুগামী এবং BC রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[প্র.ভ.প.'০৪]

সমাধান A বিন্দুগামী এবং BC রেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ $y - 1 = -\dfrac{3-5}{4+2}(x-1)$

$$\Rightarrow y - 1 = -\frac{-2}{6}(x-1)$$

$$\Rightarrow 3y - 3 = x - 1 \therefore x - 3y + 2 = 0 \text{ (Ans.)}$$

8.(a) এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $\dfrac{x}{a} - \dfrac{y}{b} = 1$ রেখার উপর লম্ব এবং প্রদত্ত রেখা ও x-অক্ষের ছেদ বিন্দু দিয়ে অতিক্রম করে। [চ.'০২; ব.'০৫; কু.'০৮,'১০]

সমাধান : প্রদত্ত রেখা $\dfrac{x}{a} - \dfrac{y}{b} = 1 \Rightarrow \dfrac{x}{a} + \dfrac{y}{-b} = 1$

$\Rightarrow bx - ay = ab$, x-অক্ষকে $(a, 0)$ বিন্দুতে ছেদ করে।

ধরি, প্রদত্ত রেখার উপর লম্ব রেখার সমীকরণ,

$ax + by = k$ (1)

প্রশ্নমতে, (1) রেখাটি $(a, 0)$ বিন্দুগামী ।

$$a.a + b.0 = k \Rightarrow k = a^2$$

নির্ণেয় রেখার সমীকরণ $ax + by = a^2$.

8(b) এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $3x + 2y = 9$ ও $2x + 3y = 11$ রেখাদ্বয়ের ছেদ বিন্দু দিয়ে যায় এবং প্রথম রেখার উপর লম্ব হয়।

সমাধান: $3x + 2y - 9 = 0 \cdots (1)$ ও

$2x + 3y - 11 = 0 \cdots (2)$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{-22+27}{9-4}, \frac{-18+33}{9-4}) = (1, 3)$.

$(1, 3)$ বিন্দু দিয়ে যায় এবং (1) রেখার উপর লম্ব এরূপ রেখার সমীকরণ $2x - 3y = 2\times 1 - 3\times 3$

$\Rightarrow 2x - 3y = 2 - 9 \quad 2x - 3y + 7 = 0$

9. (a) এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা (1,2) ও (4, 5) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 3:1 অনুপাতে অন্তর্বিভক্ত করে এবং ঐ রেখার উপর লম্ব হয়।

সমাধান: (1,2) ও (4, 5) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 3 1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক

$= (\frac{3\times 4+1\times 1}{3+1}, \frac{3\times 5+1\times 2}{3+1}) = (\frac{13}{4}, \frac{17}{4})$

এখন, (1 , 2) ও (4 , 5) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের উপর লম্ব এবং $(\frac{13}{4}, \frac{17}{4})$ বিন্দুগামী রেখার সমীকরণ $(y - \frac{17}{4}) = -\frac{1-4}{2-5}(x - \frac{13}{4})$

$\Rightarrow (y - \frac{17}{4}) = -1(x - \frac{13}{4})$

$\Rightarrow 4y - 17 = -4x + 13 \Rightarrow 4x + 4y = 30$

$2x + 2y = 15$ (Ans.)

9(b) P(h , k) বিন্দু হতে x ও y-অক্ষের উপর যথাক্রমে PA ও PB লম্ব । P বিন্দুগামী এবং AB রেখার উপর লম্ব এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।



সমাধান: P(h , k) বিন্দু হতে x ও y-অক্ষের উপর যথাক্রমে PA ও PB লম্ব বলে A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (h , 0) ও (0 , k).

P বিন্দুগামী এবং AB রেখার উপর লম্ব এরূপ রেখার সমীকরণ $y - k = -\frac{h-0}{0-k}(x - h)$

$\Rightarrow y - k = \frac{h}{k}(x - h)$

$\Rightarrow ky - k^2 = hx - h^2$

$hx - ky = h^2 - k^2$ (Ans.)

9 (c) এরূপ একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $4x + 7y = 11$ রেখার উপর লম্ব এবং y-অক্ষ হতে 2 একক দৈর্ঘ্য কর্তন করে। [প্র.ভ.প.'৯০]

সমাধান: $4x + 7y = 11$ রেখার ঢাল $= -\frac{4}{7}$

$4x + 7y = 11$ এর উপর লম্ব রেখার ঢাল $= \frac{7}{4}$

y-অক্ষ হতে 2 একক দৈর্ঘ্য কর্তনকারী এবং $\frac{7}{4}$ ঢাল বিশিষ্ট রেখার সমীকরণ $y = \frac{7}{4}x \pm 2$

$\Rightarrow 7x - 4y \pm 8 = 0$ (Ans.)

10. (a) $3x - 4y + 8 = 0$ রেখার সমান্তরাল দিকে $3x + y + 4 = 0$ রেখা হতে (1 , 2) বিন্দুর দূরত্ব নির্ণয় কর। [রা.'০২; য.'০৮]

সমাধান:



ধরি, $3x - 4y + 8 = 0$ (1) রেখার সমান্তরাল এবং P(1, 2) বিন্দুগামী সরলরেখা $3x + y + 4 = 0$ (2) রেখাকে Q বিন্দুতে ছেদ করে।

PQ রেখার সমীকরণ $3x - 4y = 3\times 1 - 4\times 2$

$\Rightarrow 3x - 4y = -5 \Rightarrow 3x - 4y + 5 = 0 \cdots (3)$

$(2) - (3) \Rightarrow 5y - 1 = 0 \Rightarrow y = \frac{1}{5}$.

(2) হতে পাই, $3x + \frac{1}{5} + 4 = 0 \Rightarrow 3x = -\frac{21}{5}$

$\Rightarrow x = -\frac{7}{5}$ $\therefore$ Q বিন্দুর স্থানাঙ্ক $(-\frac{7}{5}, \frac{1}{5})$

নির্ণেয় দূরত্ব , $PQ = \sqrt{(1+\frac{7}{5})^2 + (2-\frac{1}{5})^2}$

$= \sqrt{\frac{144+81}{25}} = \sqrt{\frac{225}{25}} = \sqrt{9} = 3$ একক।

10(b) যে সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\tan^{-1}(\frac{3}{4})$ কোণ উৎপন্ন করে তার সমান্তরাল বরাবর

$3x + 5y - 11 = 0$ রেখা হতে $(-1, 1)$ বিন্দুর দূরত্ব নির্ণয় কর।

সমাধান: যে সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\tan^{-1}(\frac{3}{4})$ কোণ উৎপন্ন করে তার সমান্তরাল এবং $P(-1, 1)$ বিন্দুগামী রেখার সমীকরণ,

$$y-1 = (x+1)\tan\tan^{-1}(\frac{3}{4})$$

$$\Rightarrow y-1=\frac{3}{4}(x+1) \Rightarrow 4y-4=3x+3$$

$$\Rightarrow 3x-4y+7=0 \cdots\cdots(1)$$

ধরি, (1) রেখা $3x + 5y - 11 = 0$ (2) রেখাকে Q বিন্দুতে ছেদ করে।

এখন, $(1)-(2) \Rightarrow -9y+18=0 \Rightarrow y=2$

$(1) \Rightarrow 3x-8+7=0 \Rightarrow 3x=1 \Rightarrow x=\frac{1}{3}$

Q বিন্দুর স্থানাঙ্ক $(\frac{1}{3}, 2)$.

নির্ণেয় দূরত্ব, $PQ = \sqrt{(-1-\frac{1}{3})^2+(1-2)^2}$

$= \sqrt{\frac{16}{9}+1} = \sqrt{\frac{16+9}{9}} = \frac{5}{3}$ একক।

10(c) যে সরলরেখা $y = 2x$ রেখার সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে তার সমান্তরাল বরাবর $3x - 4y = 15$ রেখা হতে মূলবিন্দুর দূরত্ব নির্ণয় কর।

সমাধান:



$y = 2x$ রেখার ঢাল (ধরি) $m_1 = 2$.

ধরি, যে সরলরেখা $y = 2x$ রেখার সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে তার ঢাল m_2

$$\tan 45^0 = \pm\frac{m_1 - m_2}{1+m_1m_2} \Rightarrow 1 = \pm\frac{2-m_2}{1+2m_2}$$

$$\Rightarrow 1+2m_2 = \pm(2-m_2)$$

'+' নিয়ে, $1+2m_2 = 2-m_2 \Rightarrow m_2 = \frac{1}{3}$ এবং

'−' নিয়ে, $1+2m_2 = -2+m_2 \Rightarrow m_2 = -3$

ধরি, মূলবিন্দু O(0,0) দিয়ে অতিক্রমকারী এবং $\frac{1}{3}$ ঢাল বিশিষ্ট রেখা $y = \frac{1}{3}x \Rightarrow x = 3y \cdots(1)$, $3x-4y=15\cdots(2)$ রেখাকে P বিন্দুতে ছেদ করে।

(2) হতে পাই, $9y-4y=15$ $[\because x = 3y]$

$\Rightarrow 5y = 15 \Rightarrow y = 5$ এবং $x = 15$.

$P \equiv (15,5)$ এবং $OP = \sqrt{5^2+15^2}$

$= \sqrt{5^2(1+3^2)} = 5\sqrt{10}$ একক।

আবার, ধরি মূলবিন্দু O(0,0) দিয়ে অতিক্রমকারী এবং -3 ঢাল বিশিষ্ট রেখা $y = -3x \cdots(3)$, $3x-4y=15\cdots(2)$ রেখাকে Q বিন্দুতে ছেদ করে।

(2) হতে পাই, $3x+12x=15$ $[\because y = -3x]$

$\Rightarrow 15x = 15 \Rightarrow x = 1$ এবং $y = -3$.

$Q \equiv (1,-3)$ এবং $OP = \sqrt{1^2+3^2}$

$= \sqrt{10}$ একক।

10(d) ABCD রম্বসের দুইটি বাহু $x - y = 5$ ও $7x - y = 3$ এর সমান্তরাল, কর্ণদ্বয় (2, 1) বিন্দুতে ছেদ করে। A বিন্দু x- অক্ষের উপর অবস্থিত হলে A এর স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান:



ধরি, A এর স্থানাঙ্ক $(\alpha, 0)$.

$x - y = 5$ এর সমান্তরাল (2,1) বিন্দুগামী রেখার সমীকরণ $x - y = 2-1 = 1\cdots$(i) এবং

$A(\alpha, 0)$ বিন্দুগামী রেখার সমীকরণ $x-y=\alpha\cdots$(ii)

আবার, $7x - y = 3$ এর সমান্তরাল (2, 1) বিন্দুগামী রেখার সমীকরণ $7x - y = 7\times2 - 1$

$\Rightarrow 7x - y = 13$ (iii) এবং $A(\alpha, 0)$ বিন্দুগামী রেখার সমীকরণ $7x - y = 7\alpha \cdots$ (iv).

(i) ও (iv) এর ছেদবিন্দু $P(\frac{7\alpha-1}{6}, \frac{7\alpha-7}{6})$

(ii) ও (iii) এর ছেদবিন্দু $Q(\frac{13-\alpha}{6}, \frac{13-7\alpha}{6})$

$AP = AQ$, [$\because$ ABCD একটি রম্বস]

$\Rightarrow AP^2 = AQ^2$

$\Rightarrow (\alpha - \frac{7\alpha-1}{6})^2 + (\frac{7\alpha-7}{6})^2 = (\alpha - \frac{13-\alpha}{6})^2 + (\frac{13-7\alpha}{6})^2$

$\Rightarrow (1-\alpha)^2 + 49(1-\alpha)^2 = 2(7\alpha-13)^2$

$\Rightarrow 25(1-\alpha)^2 = (7\alpha-13)^2$

$\Rightarrow 5(1-\alpha) = \pm(7\alpha-13)$

'+' চিহ্ন নিয়ে, $5 - 5\alpha = 7\alpha - 13 \Rightarrow \alpha = 3/2$

'–' চিহ্ন নিয়ে, $5 - 5\alpha = -7\alpha + 13 \Rightarrow \alpha = 4$

A এর স্থানাঙ্ক (4, 0) বা, (3/2, 0).

11. (a) (8 , 5) ও (– 4 , – 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [রা.'১২; ঢা.'০৬; কু.'০৬; সি.'০৯,'১৩; চ.'১২]

সমাধান: প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{8-4}{2}, \frac{5-3}{2}) = (2, 1)$

(8 , 5) ও (– 4 , – 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল $= \frac{5+3}{8+4} = \frac{8}{12} = \frac{2}{3}$.

লম্ব সমদ্বিখন্ডক রেখার ঢাল $= -\frac{3}{2}$

নির্ণেয় লম্ব সমদ্বিখন্ডক রেখার সমীকরণ,

$y - 1 = -\frac{3}{2}(x - 2)$

$\Rightarrow 2y - 2 = -3x + 6$

$3x + 2y - 8 = 0$ (Ans.)

[MCQ এর জন্য, $(8 + 4)x + (5 + 3)y = \frac{1}{2}(64 - 16 + 25 - 9) = 32$]

11(b) (2 , 1) ও (6 , 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [য.'০৬]

সমাধান: প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{2+6}{2}, \frac{1+3}{2}) = (4, 2)$

(2 , 1) ও (6 , 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার ঢাল $= -\frac{2-6}{1-3} = -2$

নির্ণেয় লম্ব সমদ্বিখন্ডক রেখার সমীকরণ,

$y - 2 = -2(x - 4) \Rightarrow y - 2 = -2x + 8$

$2x + y - 10 = 0$ (Ans.)

11(c) P(4 , 11) ও Q(– 2 , 2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [প্র.ভ.প. '০৪]

সমাধান: PQ এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(1, \frac{13}{2})$

P ও Q বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক রেখার ঢাল $= -\frac{4+2}{11-2} = -\frac{2}{3}$

নির্ণেয় লম্ব সমদ্বিখন্ডক রেখার সমীকরণ,

$y - \frac{13}{2} = -\frac{2}{3}(x - 1)$

$\Rightarrow \frac{2y-13}{2} = -\frac{2}{3}(x - 1)$

$\Rightarrow 6y - 39 = -4x + 4$

$4x + 6y - 43 = 0$ (Ans.)

11(d) দেখাও যে, (a , b) ও (c , d) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার সমীকরণ $(a - c)x + (b - d)y = \frac{1}{2}(a^2 + b^2 - c^2 - d^2)$. [ব.'০১]

প্রমাণ: প্রদত্ত বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(\frac{a+c}{2}, \frac{b+d}{2})$

(a , b) ও (c , d) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক সরলরেখার ঢাল $= -\frac{a-c}{b-d}$

নির্ণেয় লম্ব সমদ্বিখন্ডক রেখার সমীকরণ,

$y - \frac{b+d}{2} = -\frac{a-c}{b-d}(x - \frac{a+c}{2})$

$\Rightarrow (b-d)y - \frac{b^2-d^2}{2}$

$= -(a-c)x + \frac{a^2-c^2}{2}$

$(a-c)x + (b-d)y = \frac{1}{2}(a^2+b^2-c^2-d^2)$

12. (a) (2 , 3) বিন্দু হতে $4x + 3y - 7 = 0$ সরলরেখা উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর এবং এর সাহায্যে বিন্দুটি হতে সরলরেখার লম্ব-দূরত্ব নির্ণয় কর।

[য.'০৯; রা., সি.,ব.'০৯; ঢা.'১০; মা.'১৩]

সমাধান: (2 , 3) বিন্দুগামী এবং $4x + 3y - 7 = 0$ রেখার উপর অঙ্কিত লম্বের সমীকরণ,

$3x - 4y = 3\times2 - 4\times3 = 6 - 12$

$3x - 4y + 6 = 0$

$4x + 3y - 7 = 0$ ও

$3x - 4y + 6 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{18-28}{-16-9}, \frac{-21-24}{-16-9})$

$= (\frac{-10}{-25}, \frac{-45}{-25}) = (\frac{2}{5}, \frac{9}{5})$

অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক $(\frac{2}{5}, \frac{9}{5})$

২য় অংশ (2 , 3) বিন্দুটি হতে প্রদত্ত রেখার লম্ব-দূরত্ব $= \sqrt{(2-\frac{2}{5})^2 + (3-\frac{9}{5})^2}$

$= \sqrt{\frac{64}{25} + \frac{36}{25}} = \frac{\sqrt{100}}{5} = \frac{10}{5} = 2$ একক।

12(b) (2 ,– 1) বিন্দু হতে $3x - 4y + 5 = 0$ সরলরেখা উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।[য.'১২; সি.'০৭,'১২; ঢা.'০৮,'১৪; কু.'০৪; চ.'০৭,'১০; মা.বো.'০৮,'০৯; রা.'১২; দি.'১২]

সমাধান: (2, −1) বিন্দুগামী এবং $3x - 4y + 5 = 0$ রেখার উপর অঙ্কিত লম্বের সমীকরণ,

$4x + 3y = 4\times2 + 3\times-1 = 8 - 3$

$4x + 3y - 5 = 0$

$4x + 3y - 5 = 0$ ও

$3x - 4y + 5 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{15-20}{-16-9}, \frac{-15-20}{-16-9})$

$= (\frac{-5}{-25}, \frac{-35}{-25}) = (\frac{1}{5}, \frac{7}{5})$

অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক $(\frac{1}{5}, \frac{7}{5})$

12(c) (3 , 1) বিন্দু হতে $2x + y - 3 = 0$ সরলরেখা উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [ব.'০৫]

সমাধান: (3, 1) বিন্দুগামী এবং $2x + y - 3 = 0$ রেখার উপর অঙ্কিত লম্বের সমীকরণ,

$x - 2y = 1\times3 - 2\times1 = 3 - 2$

$x - 2y - 1 = 0$

$x - 2y - 1 = 0$ ও

$2x + y - 3 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $= (\frac{6+1}{1+4}, \frac{-2+3}{1+4}) = (\frac{7}{5}, \frac{1}{5})$

অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক $(1, \frac{1}{5})$

12(d) P(h , k) বিন্দু হতে মূলবিন্দুগামী সরলরেখার উপর লম্বের পাদবিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর। [ব. '০৫]

সমাধান: ধরি, মূলবিন্দু (0 , 0) দিয়ে অতিক্রমকারী রেখার সমীকরণ $y = mx$ অর্থাৎ $mx - y = 0 \cdots(1)$

P(h k) বিন্দুগামী এবং (1) রেখার উপর অঙ্কিত লম্বের সমীকরণ, $x + my = h + mk \quad \cdots(2)$

(1) হতে পাই, $m = \frac{y}{x}$

(2) নং সমীকরণে m–এর মান বসিয়ে পাই,

$x + \frac{y}{x}y = h + \frac{y}{x}.k$

$\Rightarrow x^2 + y^2 = hx + ky$; যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

13(a) এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষের সমান্তরাল এবং $4x + 3y = 6$ ও $x - 2y = 7$ সরলরেখা দুইটির সঙ্গে সমবিন্দু। [চ.'০১; য.'০২ ; কু.'০৫; ঢা.'০৭; ব.'০৮]

সমাধান: $4x + 3y - 6 = 0$ ও

$x - 2y - 7 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক

$= (\frac{-21-12}{-8-3}, \frac{-6+28}{-8-3}) = (\frac{-33}{-11}, \frac{22}{-11})$
$= (3, -2)$

x-অক্ষের সমান্তরাল এবং প্রদত্ত রেখাদ্বয়ের সঙ্গে সমবিন্দু নির্ণেয় রেখার সমীকরণ $y = -2 \Rightarrow y + 2 = 0$

13(b) $2x + by + 4 = 0$, $4x - y - 26 = 0$, $3x + y - 1 = 0$ **রেখাত্রয় সমবিন্দু হলে b এর মান নির্ণয় কর।** [প্র.ভ.প.'০১]

সমাধান: প্রদত্ত রেখাত্রয় সমবিন্দু বলে,

$$\begin{vmatrix} 2 & b & 4 \\ 4 & -1 & -26 \\ 3 & 1 & -1 \end{vmatrix} = 0$$

$\Rightarrow 2(1 + 26) - b(-4 + 78) + 4(4 + 3) = 0$
$\Rightarrow 54 - 74b + 28 = 0 \Rightarrow 74b = 82$
$b = \frac{82}{74} = \frac{41}{37}$ (Ans.)

13(c) $ax + by + c = 0, bx + cy + a = 0$, $cx + ay + b = 0$ **রেখাত্রয় সমবিন্দু হলে, দেখাও যে, $a + b + c = 0$.** [সি.'০১, [ঢা.'১৪]]

প্রমাণ : প্রদত্ত রেখাত্রয় সমবিন্দু হলে,

$$\begin{vmatrix} a & b & c \\ b & c & a \\ c & a & b \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} a+b+c & b & c \\ a+b+c & c & a \\ a+b+c & a & b \end{vmatrix} = 0$$

$$\Rightarrow \begin{vmatrix} 0 & b-c & c-a \\ 0 & c-a & a-b \\ a+b+c & a & b \end{vmatrix} = 0$$

$\Rightarrow (a + b + c)(ab - ca - b^2 + bc - c^2 + 2ca - a^2) = 0$
$\Rightarrow (a + b + c)(2a^2 + 2b^2 + 2c^2 - 2ab - 2bc - 2ca) = 0$ [-2 দ্বারা গুণ করে।]
$\Rightarrow (a+b+c)\{(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2\} = 0$
এখানে, $a \neq b \neq c$, $\{(a - b)^2 + (b - c)^2 + (c - a)^2\} = 0 \therefore a + b + c = 0$ (Showed)

13(d) $3x + 5y - 2 = 0, 2x + 3y = 0$, $ax + by + 1 = 0$ **রেখাত্রয় সমবিন্দু হলে, a ও b এর মধ্যে সম্পর্ক নির্ণয় কর।** [য.'০৯,'১৩; দি.'১১; চ.'১২]

প্রমাণ : প্রদত্ত রেখাত্রয় সমবিন্দু হলে,

$$\begin{vmatrix} 3 & 5 & -2 \\ 2 & 3 & 0 \\ a & b & 1 \end{vmatrix} = 0$$

$\Rightarrow -2(2b - 3a) + 1(9 - 10) = 0$
$\Rightarrow -4b + 6a - 1 = 0 \Rightarrow 6a - 4b = 1$

14. (a) দেখাও যে, $x = t$, $y = 2t + 1$ এবং $x = 2t$, $y = -t - 4$ রেখা দুইটি পরস্পরকে $(-2, -3)$ বিন্দুতে সমকোণে ছেদ করে। [ব.'১১]

প্রমাণ : $x = t$, $y = 2t + 1$ রেখাটিকে লেখা যায়–
$y = 2x + 1 \cdots (1)$; যার ঢাল $= 2$
আবার, $x = 2t$, $y = -t - 4$ রেখাটিকে লেখা যায়–
$y = -\frac{x}{2} - 4 \cdots (2)$; যার ঢাল $= -\frac{1}{2}$
$(1) - (2) \Rightarrow 0 = (2 + \frac{1}{2})x + 5$
$\Rightarrow \frac{5}{2}x = -5 \Rightarrow x = -2 \quad \therefore y = -4 + 1 = -3$
রেখাদ্বয়ের ছেদবিন্দু $(-2, -3)$.
আবার, রেখাদ্বয়ের ঢালদ্বয়ের গুণফল $= 2(-\frac{1}{2}) = -1$
রেখা দুইটি পরস্পরকে $(-2, -3)$ বিন্দুতে সমকোণে ছেদ করে। (Showed)

14(b) দেখাও যে, $2x = 1 - 4t$, $y = 1 + t$ এবং $x = -2t$, $y = t - 1$ রেখা দুইটি সমান্তরাল।

প্রমাণ $2x = 1 - 4t$, $y = 1 + t$ রেখাটিকে লেখা যায়, $2x = 1 - 4(y - 1) \Rightarrow 2x + 4y = 5 \cdots (1)$
আবার, $x = -2t$, $y = t - 1$ রেখাটিকে লেখা যায়–
$x = -2(y + 1) \Rightarrow x + 2y + 2 = 0 \cdots (2)$
(1) রেখাটির ঢাল $= -\frac{2}{4} = -\frac{1}{2}$ এবং
(2) রেখাটির ঢাল $= -\frac{1}{2}$
রেখা দুইটির ঢাল পরস্পর সমান বলে তারা সমান্তরাল। (Showed)

14(c) OABC একটি সামান্তরিক। x-অক্ষ বরাবর OA অবস্থিত। OC বাহুর সমীকরণ $y = 2x$ এবং B বিন্দুর স্থানাঙ্ক (4 , 2). A ও C বিন্দুর স্থানাঙ্ক এবং AC কর্ণের সমীকরণ নির্ণয় কর। [রা.'০৯,'১৩;

য.'০৭; ঢা.'০৮; সি.'০৮; চ.'১১; দি.'১৪; ব.'১৪]

সমাধান OC বাহুর সমীকরণ $y = 2x$ এবং x-অক্ষ বরাবর OA অবস্থিত। অতএব, O মূলবিন্দু। আবার, CB বাহু x-অক্ষের সমান্তরাল, সুতরাং B ও C শীর্ষের কোটি একই হবে।



ধরি, C শীর্ষের স্থানাঙ্ক $(\alpha, 2)$ যা $y = 2x$ রেখার উপর অবস্থিত।

$2 = 2\alpha \Rightarrow \alpha = 1.$

C শীর্ষের স্থানাঙ্ক (1, 2).

এখন, $OA = CB = |1 - 4| = 3$

A শীর্ষের স্থানাঙ্ক (3, 0)

AC কর্ণের সমীকরণ $\dfrac{x-3}{3-1} = \dfrac{y-0}{0-2}$

$\Rightarrow x - 3 = -y \therefore x + y - 3 = 0$

14(d) A, B ও C এর স্থানাঙ্ক যথাক্রমে (1, – 2), (– 3, 0) ও (5, 6). প্রমাণ কর যে, AB ও AC রেখাদ্বয় পরস্পরকে সমকোণে ছেদ করে। বিন্দুগুলি একটি আয়তক্ষেত্রের তিনটি শীর্ষবিন্দু হলে চতুর্থ শীর্ষের স্থানাঙ্ক নির্ণয় কর। [য.'০৪]

প্রমাণ :



AB রেখার ঢাল $= \dfrac{-2-0}{1+3} = -\dfrac{1}{2}$

AC রেখার ঢাল $= \dfrac{-2-6}{1-5} = 2$

AB ও AC এর ঢালদ্বয়ের গুণফল$= -\dfrac{1}{2}.2 = -1$

AB ও AC রেখদ্বয় পরস্পরকে সমকোণে ছেদ করে।

ধরি, আয়তক্ষেত্রের চতুর্থ শীর্ষের $D(\alpha, \beta)$.

আয়তক্ষেত্রের BC কর্ণের মধ্যবিন্দু $\left(\dfrac{-3+5}{2}, \dfrac{0+6}{2}\right) = (1, 3)$ এবং AD কর্ণের মধ্যবিন্দু $\left(\dfrac{1+\alpha}{2}, \dfrac{-2+\beta}{2}\right)$ একই হবে।

$\dfrac{1+\alpha}{2} = 1 \Rightarrow \alpha = 2 - 1 = 1$ এবং

$\dfrac{-2+\beta}{2} = 3 \Rightarrow \beta = 6 + 2 = 8$

চতুর্থ শীর্ষের স্থানাঙ্ক (1, 8).

14(e) একটি ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দু যথাক্রমে A(6, 1) ও B(1, 6) এবং এর লম্ববিন্দু P(3, 2); অবশিষ্ট শীর্ষের স্থানাঙ্ক নির্ণয় কর। [ঢা.'০৪]

সমাধান : ধরি, ABC ত্রিভুজের AD, BE লম্বদ্বয় P(3 2) বিন্দুতে ছেদ করে।



AP অর্থাৎ AD রেখার ঢাল $= \dfrac{1-2}{6-3} = -\dfrac{1}{3}$

AD এর উপর লম্ব BC রেখার ঢাল = 3

BC বাহুর সমীকরণ $y - 6 = 3(x - 1)$

$\Rightarrow y - 6 = 3x - 3 \Rightarrow y = 3x + 3 \cdots(1)$

BP অর্থাৎ BE এর উপর লম্ব AC বাহুর ঢাল $= -\dfrac{3-1}{2-6} = \dfrac{2}{4} = \dfrac{1}{2}$

AC বাহুর সমীকরণ $y - 1 = \dfrac{1}{2}(x - 6)$

$\Rightarrow 2y - 2 = x - 6$

$\Rightarrow 2(3x + 3) - 2 = x - 6$ [(1) দ্বারা]

$\Rightarrow 6x + 6 - x = -4 \Rightarrow 5x = -10 \Rightarrow x = -2$

(1) হতে পাই, $y = 3(-2) + 3 = -3$

অবশিষ্ট শীর্ষ C এর স্থানাঙ্ক (–2, – 3)

15. (a) $4x + 7y - 12 = 0$ রেখাটি একটি বর্গের কর্ণ নির্দেশ করে এবং বর্গের একটি শীর্ষ (3, 2) বিন্দুতে অবস্থিত। এ বিন্দুটি দিয়ে অতিক্রমকারী বর্গের বাহু দুইটির সমীকরণ নির্ণয় কর।

সমাধান : ধরি, ABCD বর্গের

$4x + 7y - 12 = 0 \cdots\cdots(1)$

রেখাটি BD কর্ণ নির্দেশ করে এবং



$A(3, 2)$ শীর্ষ দিয়ে অতিক্রমকারী বাহুর ঢাল m.

BD কর্ণের ঢাল $= -\frac{4}{7}$

AC কর্ণের ঢাল$= \frac{7}{4}$ [$\because$ বর্গের কর্ণদ্বয় পরস্পর লম্ব]

AC কর্ণ AD ও AB বাহুর সঙ্গে $45°$ কোণ উৎপন্ন করে।

$$\tan 45° = \pm \frac{m - \frac{7}{4}}{1 + m.\frac{7}{4}} \Rightarrow 1 = \pm \frac{4m-7}{4+7m}$$

$\Rightarrow 4 + 7m = \pm(4m - 7)$

'+' নিয়ে, $3m = -11 \Rightarrow m = -\frac{11}{3}$

'−' নিয়ে, $11m = 3 \Rightarrow m = \frac{3}{11}$

$(3, 2)$ শীর্ষ দিয়ে অতিক্রমকারী বাহুর সমীকরণ,

$y - 2 = -\frac{11}{3}(x - 3) \Rightarrow 3y - 6 = -11x + 33$

$\Rightarrow 11x + 3y - 39 = 0$ এবং

$y - 2 = \frac{3}{11}(x - 3) \Rightarrow 11y - 22 = 3x - 9$

$\Rightarrow 3x - 11y + 13 = 0$

15(b) দেখাও যে, $2x + y + 5 = 0$ ও $x - 2y - 3 = 0$ রেখা দুইটি পরস্পর লম্ব। রেখা দুইটিকে কোন আয়তক্ষেত্রের দুইটি সন্নিহিত বাহু ধরলে এবং অপর বাহু দুইটি $(3, 4)$ বিন্দুতে পরস্পরকে ছেদ করলে অবশিষ্ট বাহু দুইটির সমীকরণ নির্ণয় কর।

প্রমাণ : $2x + y + 5 = 0 \cdots (1)$ রেখার ঢাল $= -2$

এবং $x - 2y - 3 = 0 \cdots (2)$ রেখার ঢাল $= \frac{1}{2}$

ঢাল দুইটির গুণফল $= -2 \times \frac{1}{2} = -1$ বলে প্রদত্ত রেখাদ্বয় পরস্পর লম্ব।

২য় অংশ রেখা দুইটিকে কোন আয়তক্ষেত্রের দুইটি সন্নিহিত বাহু ধরলে অপর বাহু দুইটির একটি (1) রেখার সমান্তরাল এবং অপরটি (2) রেখার সমান্তরাল হবে।

(3 4) বিন্দুগামী এবং (1) রেখার সমান্তরাল বাহুটির সমীকরণ $2x + y = 2 \times 3 + 4$

$\Rightarrow 2x + y = 10$

এবং (3 , 4) বিন্দুগামী এবং (2) রেখার সমান্তরাল বাহুটির সমীকরণ $x - 2y = 3 - 2 \times 4$

$\Rightarrow x - 2y + 5 = 0$

15(c) ABCD সামান্তরিকের AB , BC বাহু দুইটির সমীকরণ যথাক্রমে $2x + y - 8 = 0$, $x - y + 2 = 0$ এবং D বিন্দুর স্থানাঙ্ক $(2, -4)$ হলে AD ও DC এর সমীকরণ নির্ণয় কর।



সমাধান ABCD সামান্তরিক বলে, $BC || AD$ এবং $AB || DC$

$D(2, -4)$ বিন্দুগামী

AD এর সমীকরণ $x - y = 2 - (-4)$

$\Rightarrow x - y = 6$ এবং

DC এর সমীকরণ $2x + y = 2 \times 2 + (-4)$

$\Rightarrow 2x + y = 0$

15(d) $A(3, -1)$, $B(-2, 3)$ বিন্দু দুইটি একটি ত্রিভুজের শীর্ষবিন্দু এবং তার লম্ব বিন্দুটি মূলবিন্দুতে। অবশিষ্ট শীর্ষের স্থানাঙ্ক নির্ণয় কর।



সমাধান : ধরি, ABC ত্রিভুজের AD, BE লম্বদ্বয় $O(0, 0)$ বিন্দুতে ছেদ করে।

AO অর্থাৎ AD রেখার ঢাল $= \frac{-1-0}{3-0} = -\frac{1}{3}$

AD এর উপর লম্ব BC রেখার ঢাল $= 3$

BC বাহুর সমীকরণ $y - 3 = 3(x + 2)$

$\Rightarrow y - 3 = 3x + 6 \Rightarrow y = 3x + 9 \cdots (1)$

BO অর্থাৎ BE এর উপর লম্ব AC বাহুর ঢাল $= -\frac{-2-0}{3-0} = \frac{2}{3}$

$\therefore$ AC বাহুর সমীকরণ $y + 1 = \frac{2}{3}(x - 3)$

$\Rightarrow 3y + 3 = 2x - 6$

$\Rightarrow 3(3x + 9) + 3 = 2x - 6$ [(1) দ্বারা]

$\Rightarrow 9x + 27 - 2x = -9 \Rightarrow 7x = -36$

$\Rightarrow x = -\frac{36}{7}$ $y = 3(-\frac{36}{7}) + 9 = -\frac{45}{7}$

অবশিষ্ট শীর্ষ C এর স্থানাঙ্ক $(-\frac{36}{7}, -\frac{45}{7})$

[MCQ এর জন্য, BC বাহুর সমীকরণ,

$(3-0)x+(-1-0)y = 3\times -2+(-1)\times 3]$

কাজ

১. $4x-3y-1=0$ ও $2x-5y+3=0$ রেখাদ্বয়ের ছেদ বিন্দু দিয়ে যায় এবং অক্ষ দুইটির সঙ্গে সমান সমান কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

সমাধান : অক্ষ দুইটির সঙ্গে সমান সমান কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার ঢাল $= \tan(\pm 45°) = \pm 1$

এখন, $4x-3y-1=0$ ও

$2x-5y+3=0$ রেখা দুইটির ছেদবিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{-9-5}{-20+6}, \frac{-2-12}{-20+6}\right) = (1, 1)$

$(1, 1)$ বিন্দুগামী এবং ± 1 ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ $y-1 = \pm 1.(x-1)$

'+' নিয়ে পাই, $y-1 = x-1 \Rightarrow x-y=0$

'−' নিয়ে পাই, $y-1 = -x+1 \Rightarrow x+y=2$

উত্তর ঃ $x+y=2, x-y=0.$

২. $2x+3y-1=0$ ও $x-2y+3=0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ নির্ণয় কর। [প্র.ভ.প.'০৪]

সমাধান: ধরি, প্রদত্ত রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণ φ

আমরা জানি, $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত কোণ φ হলে, $\tan\varphi = \pm \frac{a_2b_1-a_1b_2}{a_1a_2+b_1b_2}$.

